দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 13 ■ 28th March, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

কেরিয়ার ফেয়ার ২০২৬

১০ ও ১১ এপ্রিল, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

স্থানঃ জলসাঘর, বহরমপুর (বহরমপুর রেল স্টেশনের পাশে), মুর্শিদাবাদ

বিনামূল্যে সুযোগ পেতে ফোন করুন : 6291684943

## ১০ হাজার ছেলেমেয়ের নার্সিং (ANM/GNM) কোর্সে ভরতি

**উচ্চমাধ্যমিক পাশদের জন্য**

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীন রাজ্যের বিভিন্ন নার্সিং ট্রেনিং স্কুলে প্রায় ১০ হাজার সীটে 'অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এ.এন.এম.)' ও 'জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.)' কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। এই এন্ট্রান্স টেস্টে সফল হলে মেধা তালিকা তৈরি হবে। তারপর কাউন্সেলিংয়ের মাধ্যমে সরকারি ও বেসরকারি কলেজে ভরতির সুযোগ পাবেন। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ড (WBJEE)। কোন কোর্সে কেমন শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিত তথ্য দেওয়া হল :

অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (রিভাইজড) (এ.এন.এম.) : মোট অন্তত ৪০% (তপশিলী,

☞ এরপর ৫ পাতায়

ICE Academy
SSC / Rail 2026 ব্যাচ
সেরা প্রশিক্ষকদের ক্লাস
WBCS ও WBPSC কোর্স
বিশেষজ্ঞদের ফ্রি গাইডেন্স
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

### স্টাফ সিলেকশনের CGL, JE, Phase–XIV, CHSL, Steno, MTS, CAPF, Constable (GD) পরীক্ষার মাধ্যমে এবছরই

## দেড় লাখ শূন্যপদ পূরণ

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পদে সারা বছরই কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতা পর্যন্ত ২০২৬ সালে যে যে পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হবে তা দেওয়া হল (রিভাইজড তালিকা)। কোন পদের জন্য কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে, দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ কবে ও পরীক্ষা কবে হবে ইত্যাদি তথ্য এখানে দেওয়া হল:

(ক) কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল : কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট/

☞ এরপর ১২ পাতায়

URGENT VACANCY (TEACHER)
TGT/PGT : Physics, Chemistry, Mathematics, Biology (M.Sc., B.Ed.)
PRT : Science / English (D.El.Ed.)
• Salary : ₹ 10K-₹15K
6295073753
evangelps2018@gmail.com
EVANGEL PUBLIC SCHOOL (CBSE)
Chatra, 24 Pgs (N)

### রাজ্যের ১৭৫টি আইটি কোম্পানিতে

## ৫২,৩১১ AI বেসড গ্রাফিক্স ডিজাইনার ও ওয়েব ডিজাইনার

পারমিতা মিত্র, সল্টলেক : রাজ্যের ১৭৫টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ২৫,৩১১ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ও ২৭,০০০ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/-- ১৫,০০০/- টাকা।

পদ : AI বেসড ওয়েব ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে,

☞ এরপর ৪ পাতায়

## সশস্ত্র সীমা বলে ৮২৭ কনস্টেবল ও ড্রাইভার

**মাধ্যমিক পাশদের জন্য**

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন সশস্ত্র সীমা বল 'কনস্টেবল (ড্রাইভার)' ও 'কনস্টেবল (ট্রেডসম্যান)' পদে ৮২৭ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ড্রাইভার, কার্পেন্টার, টেলর, গার্ডেনার, কবলার, ভেটেরিনারি, ওয়াশ্যারম্যান, বারবার, ওয়েটার, ওয়াটার কেরিয়ার, নার্সিং অর্ডারলি। কারা কোন পদের জন্য যোগ্য :

কনস্টেবল (ড্রাইভার) : মাধ্যমিক পাশরা

☞ এরপর ১০ পাতায়

## সামনের ৯ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৮০,০৩৮ চাকরি

### মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

প্রমা দাস, কলকাতা : সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'Ernst & Young' এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে,

☞ এরপর ১০ পাতায়

## সশস্ত্র সীমা বলে ২৩৩ হেড কনস্টেবল

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন সশস্ত্র সীমা বল 'হেড কনস্টেবল (ইলেক্ট্রিশিয়ান), হেড কনস্টেবল (স্টুয়ার্ড), হেড কনস্টেবল (ভেটেরিনারি), হেড কনস্টেবল (কমিউনিকেশন) পদে ২৩৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য আবেদন করতে পারেন:

**হেড কনস্টেবল (কমিউনিকেশন) :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স, কমিউনিকেশন,

☞ এরপর ৫ পাতায়

## ন্যাভাল ডকইয়ার্ডে ২৪০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, কোচি : ভারতীয় নৌবাহিনীর জাহাজ মেরামতির সংস্থা কোচির ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড অ্যান্ড ন্যাভাল এয়ারক্র্যাফট ইয়ার্ড বিভিন্ন ট্রেডে ২৪০ জন অ্যাপ্রেন্টিস নিচ্ছে।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই. পাশ হলে ও মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১-৬-২০২৬-এর হিসাবে ২১ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। নেওয়া হবে এইসব ট্রেডে ও কোন ট্রেডে ক'টি শূন্যপদ : কম্পিউটার অপারেটর অফ প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট-২১টি, ইলেক্ট্রিশিয়ান-২৯টি, ইলেক্ট্রনিক্স মেকানিক-১৮টি, ফিটার-৩১টি, মেশিনিস্ট-৯টি, মেকানিক মোটর ভেহিক্যাল-৮টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশন-৬টি,

☞ এরপর ৬ পাতায়

## আই.টি.বি.পি-তে ১০ ট্রেডসম্যান

নিজস্ব সংবাদদাতা, নিউ দিল্লি : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'কনস্টেবল (ক্ষৌরকার)' ও 'কনস্টেবল (রজক)' পদে ১০ জন ছেলেমেয়ে নিচ্ছে।

মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই. / ভোকেশনাল কোর্স পাশ ও সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের অভিজ্ঞতা

☞ এরপর ৩ পাতায়

## প্রতিরক্ষা সংস্থায় ২৬৫ চাকরি

নিজস্ব সংবাদদাতা, ছত্তিশগড় : ইতারসি অর্ডন্যান্স ফ্যাক্টরি 'কেমিক্যাল প্রসেস ওয়ার্কার' ট্রেডে ২৬৫ জন লোক নিচ্ছে। আই.টি.আই. থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা-কোনো অর্ডন্যান্স ফ্যাক্টরিতে সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ করে থাকলে আবেদন করার জন্য যোগ্য। আই.টি.আই. থেকে ফিটার জেনারেল, মেশিনিস্ট, টার্নার, শীট মেটাল ওয়ার্কার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, বয়লার অ্যাটেন্ড্যান্ট, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল

☞ এরপর ৩ পাতায়

### উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

## পশ্চিম মেদিনীপুরে ২৪ ও ২৫ মার্চ ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

নিজস্ব প্রতিনিধি, পশ্চিম মেদিনীপুর : এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর

☞ এরপর ২ পাতায়

## কোল ফিল্ডে ৯৯ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, বিলাসপুর : সাউথ ইস্টার্ন কোল ফিল্ড লিমিটেড অফিস অ্যাসিস্ট্যান্ট, জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট মাইন সার্ভেয়র ও সিকিউরিটি গার্ড ট্রেডে ফ্রেশার অ্যাপ্রেন্টিস হিসাবে কিছু লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর। স্টাইপেন্ড মাসে ৮,২০০ টাকা। শূন্যপদ : অফিস অ্যাসিস্ট্যান্ট ২৫টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩)। জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৪,

☞ এরপর ১০ পাতায়

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
WBCS প্রিলিমিনারি
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
প্রতিটি মাত্র ৩০০/- টাকা

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.

R

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213

CM

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে BA, MA, BSc, MSc, LLB, BEd, MEd, MBA, Dip., B.Tech, M.Tech, Ph.D, MP, HS – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007

S

**বিদেশে হোটেল ম্যানেজমেন্ট**
সিঙ্গাপুর, মরিশাসে হোটেল ম্যানেজমেন্ট কোর্স ও ইন্টার্নশিপ করে 50-1 lakh মাসে পড়তে পড়তে আয়। বয়স- 18-35. 9073951615

D

## কর্মখালি

**URGENT VACANCY**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক - স্নাতক, বেতন:18,000/- – 49,000/-, থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি ও বোনাস। M : 8159801813

SA(A)

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

## কর্মখালি

পূর্ব মেদিনীপুরে হলদিয়া এলাকায় কেক, পেস্ট্রি, বিস্কুট, পাউরুটি, মিষ্টি, চানাচুর, পটাটো চিপস ও জল তৈরীর কারখানায় সিকিউরিটি গার্ড, রিসেপসনিস্ট, অ্যাকাউনটেন্ট, ম্যানেজার, কারিগর, ড্রাইভার, রাঁধুনি ইত্যাদি লোকের প্রয়োজন। অভিজ্ঞতাসম্পন্ন ইচ্ছুক ব্যক্তিরা সত্বর বায়োডাটা পাঠান। ই-মেল : ceowb.morley@gmail.com M : 8967351988

D

**সরাসরি ৭ দিনে জয়েনিং**
উঃবঙ্গ-সহ 23 জেলায় স্থায়ী চাকরি গভঃ রেজি নং 3861, বেতন : 19,500–39,000. ক্লার্ক, SV ইনচার্জ, ASV ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM, টাওয়ার গার্ড, EX-আর্মি গানম্যান, এয়ারপোর্ট, মেট্রো, জাহাজে বন্দরে, Co.-তে স্থায়ী চাকরি ESI, PF, সমস্ত সুবিধা আছে। আসাম, ত্রিপুরা, ওড়িশার বিভিন্ন স্থানে গভঃ প্রোজেক্টে (কন্ট্রাক্টরের অধীনে) স্থায়ী চাকরি। পদ 284. যোগাযোগ- G.C.A বারাসাত, এজেন্ট স্বাগত। 8100137523 / 9933527495

SP

## কর্মখালি

WBSEDCL – কন্ট্রাক্টরের অধীনে নিজের জেলায় আর্জেন্ট জব। স্যালারি : 28K–86K, মোট আসন : 3586, PF, ESI, বোনাস। M/F নিয়োগ। যোগ্যতা : 8th–স্নাতক। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 8512941407

SA

**হোটেল ম্যানেজমেন্ট চাকরি**
সারা ভারতে 4/5 স্টার হোটেলে চাকরি। যোগ্যতা : হোটেল ম্যানেজমেন্ট। ফ্রেশার to এক্সপিরিয়েন্স। I.T, J.T, O.J.T-তেও পাঠানো হয়। flylinkmanagement.co.in যোগাযোগ : 9073715316

D

**মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে সরাসরি**
বিভিন্ন পদে M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক, বেতন : 18,200–63,500 + PF, ESI, OT, বোনাস থাকা ও যাতায়াত ফ্রী। Ex-আর্মিদের বিশেষ সুবিধা। M : 7550825532

SA

## কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 8961553728

SP

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344

M

**আর্জেন্ট নিয়োগ**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিশিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P.– স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900/-), PF, ESI, বোনাস-সহ থাকা ও খাওয়ার সুবিধা। M : 7890147824

SA(A)

## কর্মখালি

**100% জব ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে জরুরীভিত্তিক বিভিন্ন পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P – স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900), PF, ESI, বোনাস-সহ বিশেষ সুবিধা। M : 9073791630

SA(A)

**জেলাভিত্তিক স্থায়ী নিয়োগ**
AXIS BANK–DSA দিচ্ছে যোগ্যতানুযায়ী বিভিন্ন Back Office পদে M/F স্থায়ী জব। যোগ্যতা : H.S –স্নাতক ও উর্দ্ধে। বেতন : 18700–47900. বয়স : 18–40. M : 9144228728

SA (A)

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

### চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

### JELET পরীক্ষার মাধ্যমে

# পলিটেকনিক থেকে ডিপ্লোমা কোর্স পাশদের জন্য ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সে ভর্তি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গের ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি ও ফার্মাসি কলেজে 'ইঞ্জিনিয়ারিং', 'টেকনোলজি' ও 'ফার্মাসি'র ৪ বছরের ডিগ্রি কোর্সের দ্বিতীয় বর্ষে (৩য় সেমেস্টারে) ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে ভরতির জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার (JELET-2026)' ফর্ম দেওয়া শুরু হয়েছে। এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত পলিটেকনিক থেকে ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি /ফার্মাসির ৩ বছরের / ২ বছরের (ল্যাটারাল এন্ট্রি) ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৪৫% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বেলায় মোট অন্তত ৬০% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন।

ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি /ফার্মাসির ডিপ্লোমা কোর্সের এবছরের ফাইনাল (ষষ্ঠ সেমেস্টার) পরীক্ষার্থীরা আগের সেমেস্টারে পাশ করে থাকলে ও ফাইনাল পরীক্ষায় ওই শতকরা নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য।

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখার বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৪৫% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে 'ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি'র ডিগ্রি কোর্সেও ভরতির জন্য আবেদন করতে পারেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য।

বি.এসসি. / বি.ভোক ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৪৫% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪০%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে অঙ্ক আবশ্যিক বিষয় হিসাবে থাকতে হবে। বয়সের কড়াকড়ি নেই। তবে বি.এসসি. ও মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স পাশদের বেলায় বয়স হতে হবে ৩১-১২-২০২৬'র হিসাবে যথাক্রমে ২৭ ও ২৫ বছরের মধ্যে। বিস্তারিত তথ্য পাবেন প্রস্পেক্টাস থেকে। এই পরীক্ষার মাধ্যমে মোট সীটের ১০% আসনে ভরতি করা হবে।

প্রার্থী বাছাই হবে ২০২৬ সালের জয়েন্ট এন্ট্রান্স (জেলেট - ২০২৬) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। পরীক্ষা হবে ১৩ জুন, ১১টা থেকে ১টা। সময় ২ ঘন্টা। ১২০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এম.সি.কিউ. ধরনের। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (ক) অঙ্ক –ক্যাটেগরি - I-এ ৩০টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। ক্যাটেগরি -২'এ ১০টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর। (খ) ফিজিক্স –ক্যাটেগরি - I-এ ২৫টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। ক্যাটেগরি -২'এ ৫টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর। (গ) কেমিস্ট্রি-ক্যাটেগরি - I-এ ১৫টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। ক্যাটেগরি -২'এ ৫টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর। (ঘ) ফান্ডামেন্টাল অফ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-ক্যাটেগরি - I-এ ১০টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbjeeb.in ই-অ্যাডমিট কার্ড ডাউনলোর্ড করতে পারবেন ৫ জুন থেকে ১৩ জুন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে আর পাশপোর্ট মাপের ফটো (১০-১০০ কে.বি.'র মধ্যে), সিগনেচার (৩-৩০ কে.বি.'র মধ্যে) ও বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ (৩-৩০ কে.বি.'র মধ্যে) জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, ও.বি.সি. হলে ৪০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও পাবেন এই ঠিকানায় : Controller of Examinations, West Bengal Joint Entrance Examination Board, Rupanna, DB-118, Sector - I, Salt Lake City, Kolkata - 700 064. Ph: 1800123 4782. Email: info@wbjeeb.in

## পশ্চিম মেদিনীপুরে কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ২৪ ও ২৫ মার্চ, মঙ্গলবার ও বুধবার পশ্চিম মেদিনীপুর জেলা শহরের কেরানীতলায় (মেদিনীপুর স্টেশন রোড) শ্রী শ্যাম সঙ্গে এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

**২৪ ও ২৫ মার্চ পশ্চিম মেদিনীপুরে অনুষ্ঠিত 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে :** (১) ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) রাইস এডুকেশন, (৩) জে.আই.এস গ্রুপ, (৪) চিৎকারা ইউনিভার্সিটি, (৫) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (৬) ডলফিন স্কুল অফ হোটেল ম্যানেজমেন্ট, (৭) ডিসান অ্যাকাডেমি, (৮) টেকনো স্পেশালিটি মিডিয়া (অ্যানিমেশন অ্যাকাডেমি), (৯) টি.আই.ই.এম হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট অ্যান্ড কলেজ, (১০) সিকম স্কিল ইউনিভার্সিটি, (১১) সিকিম মণিপাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১২) ড. বি.সি.রায় কলেজ, (১৩) বাঁকুড়া উন্নয়নী, (১৪) এম.সি.কে.ভি ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১৫) এনডেভর স্কুল অফ প্রফেশনাল এডুকেশন, (১৬) ক্যামেলিয়া গ্রুপ অফ কলেজ, (১৭) হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, (১৮) টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি, (১৯) সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি, (২০) এন.আই.এইচ.টি, (২১) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, (২২) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (২৩) বি.এস.এইচ.এম, (২৪) আপগার্ড স্কুল অফ টেকনোলজি, (২৫) আই.কিউ সিটি নলেজ অ্যান্ড হেল্থ ক্যাম্পাস (দুর্গাপুর), (২৬) কলেজ ভাইভ, (২৭) ট্যালি অ্যাকাডেমি, (২৮) সুশ্রীজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (২৯) নির্মলা ফাউন্ডেশন, (৩০) হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, (৩১) বজবজ ইনস্টিটিউট অফ টেকনোলজি অ্যান্ড জিমস, (৩২) পাঁশকুড়া কেরিয়ার ফোকাস কন্সালট্যান্সি।

## রাইটসে ১৫ আসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : রাইটস লিমিটেড অ্যাসিস্ট্যান্ট (এইচ.আর.) পদে ১৫ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭-৪-২০২৬'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২০,০০০-৬৬,০০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১২৫টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। সময় থাকবে ২.৫ ঘন্টা। দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rites.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পরীক্ষা ফী বাবদ ৩০০ (তপশিলী, ই.ডব্লু.এস., প্রতিবন্ধী হলে ১০০) টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## আই.টি.বি.পি'তে ১০

১ পাতার পর

থাকলেও আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫, অসম, ত্রিপুরা-সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের বেলায় ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ (তপশিলী উপজাতি হলে ৭৬) সেমি ও ফুলিয়ে ৮৩ (তপশিলী উপজাতি হলে ৮১) সেমি আর উচ চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ আর কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : কনস্টেবল (ক্ষৌরকার) পদে ৩টি (জেনাঃ)। কনস্টেবল (রজক) পদে ৭টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

প্রার্থী বাছইয়ের জন্য প্রথমে উচ চতা (হাইট বার টেস্ট) মাপা হবে। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তারপর লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.recruitment.itbpolice.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, এস.বি.আই. চালানে জমা দেবেন। তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## CBSE অনুমোদিত স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, বনগাঁ : CBSE অনুমোদিত উত্তর ২৪ পরগনার Evangel Public School ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার পদে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। ইংরিজি বা, বিজ্ঞান বিষয় নিয়ে গ্র্যাজুয়েটরা ডি.এল.এড. কোর্স পাশ হলে 'প্রাইমারি টিচার' পদের জন্য যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, বায়োলজি বিষয় নিয়ে এম.এসসি. কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার' / 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' পদের জন্য আবেদন করতে পারেন। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার / পোস্ট-গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে এইসব বিষয়ের জন্য : ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, বায়োলজি। মাইনে মাসে ১০ হাজার থেকে ১৫ হাজার টাকার মধ্যে। সঙ্গে অন্যান্য সুযোগ সুবিধা আছে। আগ্রহী ছেলেমেয়েরা আগামী ১০ দিনের মধ্যে সম্পূর্ণ বায়োডাটা ই-মেল করুন এই নম্বরে : evangelps2018@gmail.com যোগাযোগের ঠিকানা : Evangel Public School (CBSE), Chatra, 24 Pgs (North), Ph: 6295073753.

CTTC - Kolkata Invites Expression of Interest (EOI) from eligible and experienced organizations for joint collaboration in :

- ✓ MOBILIZATION OF CANDIDATES
- ✓ SKILL TRAINING DELIVERY
- ✓ PLACEMENT OF CANDIDATES

for SC/ST and General category candidates under placement-oriented NSQF-aligned courses at CTTC- Kolkata.

**SCOPE OF WORK**

Training programs to be conducted at : CTTC-Kolkata Campus, and/or Partner Institutes (Private ITIs/Training Centres) as Extension Centres

**ELIGIBILITY CRITERIA**

• Preferably 3-5 years' experience in skill training, mobilization & placement • Experience in NSQF/skill development programs • Proven track record in training & placement

**DOCUMENTS REQUIRED**

• Organizational profile & credentials • Experience details
• Audited financial statements for last 3 years

Submission Details ▸▸ Interested parties must submit required documents within 15 days from publication of this advertisement at our official e-mail ID - cttc-msme@gov.in or sealed envelope sent to our official address.

Selection Process ▸▸ Shortlisted applicants will be invited for discussion and negotiation. Final selection will be based on eligibility and suitability.

Important ▸▸ CTTC-Kolkata reserves the right to accept or reject any application at any stage at its own discretion during the application process.

## প্রতিরক্ষা সংস্থায় ২৬৫ চাকরি

১ পাতার পর

ইলেক্ট্রনিক, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক ট্রেডে অ্যাপ্রেন্টিস ট্রেনিং করে থাকলেও যোগ্য।

বয়স হতে হবে ১০-৪-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ২৬৫টি (জেনাঃ ১০৮, ও.বি.সি. ৩৯, তঃজাঃ ৩৯, তঃউঃজাঃ ৫৩, ই.ডব্লু.এস. ২৬, প্রাঃসঃকঃ ২৬)। ১ বছরের ট্রেনিং। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাই হবে ট্রেড টেস্ট বা, প্র্যাক্টিক্যাল টেস্ট-এর মাধ্যমে। ট্রেড টেস্টে থাকবে ১০০ নম্বর। মেধা তালিকা তৈরির সময় আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর ও প্র্যাক্টিক্যাল টেস্টে পাওয়া নম্বর দেখা হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ১০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইট থেকে : https://munitionsindia.in

**CACES SUCCESS**

আসন্ন প্রাইমারি ও আপার প্রাইমারি টেট এই জোড়া পরীক্ষায় একচান্সে কীভাবে সফল হওয়া যাবে, এসংক্রান্ত এক প্রশ্নের উত্তরে 'ক্যাসেস এডুকেশন' কলকাতার শিক্ষাধ্যক্ষ টি. কে. মিত্র স্যার জানালেন, তাঁদের 'ক্যাসেস সাকসেস' কোর্সটির কথা। তাঁর মতে এ কোর্সে ভর্তি হলে সাফল্য অবধারিত। বিস্তারিত জানতে ও ভর্তি হতে যোগাযোগ করুন— **CACES, 35, APC Road, Kol-9** (জগৎ সিনেমার কাছে)

9062756906 / 9123325910

**Radhakrishnan Mission Institute**

Co -Ed.English Medium school (followed CBSE curriculum), Govindanagar, Goura(Cinema More), Daspur, Paschim Medinipur,

**Recruitment Notice**

Wants Teachers for Primary Section with Spoken Skills in English, Bengali and Hindi. Apply within 31 st March, 2026 with Current Passport size photograph and all other essential Testimonials.

| Post:- | | Eligibility:- |
|---|---|---|
| | Bengali/ English/ History | B.A.(Hons.)/M.A. |
| | Math./Physics/Chemistry/ Geography. | B.Sc.( Hons.)/ M.Sc. |

Applicants:- Trained in Elementary Education with computer knowledge are preferable.

Applications are to be sent through -
Email:- rk.mission2026@gmail.com
Ph. No.(whatsapp):- 9800304678.

# ইনোটেক এডুহাব: ডিগ্রি নয়, দক্ষতাই শেষ কথা



ইনোটেক এডুহাবের চেয়ারম্যান ও টেকনো গ্লোবের ডিরেক্টর শ্রী বিশ্বনাথ মন্ডল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা ও চাকদহ:** একবিংশ শতাব্দীর তৃতীয় দশকে দাঁড়িয়ে বিশ্ব অর্থনীতি যখন চতুর্থ শিল্প বিপ্লব বা 'ইন্ডাস্ট্রি ৪.০'-এর দোরগোড়ায়, তখন আমূল বদলে যাচ্ছে ভারতের কর্মসংস্থানের প্রথাগত মানচিত্র। গতানুগতিক ডিগ্রি বা শুধুমাত্র পুঁথিগত বিদ্যা এখন আর নিশ্চিত চাকরির চাবিকাঠি হিসেবে গণ্য হচ্ছে না। সাম্প্রতিক বিভিন্ন বাজার সমীক্ষা ও কর্পোরেট রিপোর্ট থেকে উঠে আসা একটি চমকপ্রদ তথ্য অনুযায়ী, আগামী মাত্র ছয় মাসের মধ্যে ভারতের আইটি এবং নন-আইটি উভয় ক্ষেত্রেই প্রায় ছাপ্পান্ন হাজার সাতশো জন কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই (AI) দক্ষ কর্মীর প্রয়োজন হতে চলেছে। কিন্তু উদ্বেগের বিষয় হলো, এই বিশাল চাহিদার তুলনায় বর্তমানে দক্ষ কর্মীর জোগান অত্যন্ত নগণ্য। এই বিপুল সংকট ও একই সাথে অপার সম্ভাবনার বিষয়ে আলোকপাত করতে গিয়ে ইনোটেক এডুহাবের মাননীয় চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর শ্রী বিশ্বনাথ মন্ডল স্পষ্টভাবে জানিয়েছেন যে, আমরা এখন এমন এক যুগে প্রবেশ করেছি যেখানে কাগজের সার্টিফিকেটের চেয়ে ব্যক্তিগত স্কিল বা দক্ষতার কদর অনেক বেশি। আগামী দিনগুলোতে ডেটা সায়েন্স, ডিজিটাল মার্কেটিং এবং সাইবার সিকিউরিটির মতো বিষয়গুলোতে যারা পারদর্শী হবে, তারাই রাজত্ব করবে চাকরির বিশ্ববাজারে।

এই আধুনিক শিক্ষা ব্যবস্থাকে ছাত্রছাত্রীদের দোরগোড়ায় পৌঁছে দিতে ইনোটেক এডুহাব এবার এক নতুন পথ চলা শুরু করেছে। নদিয়া জেলার অন্যতম প্রধান শহর চাকদহে এখন আর উচ্চশিক্ষা বা বিশেষ স্কিল ট্রেনিংয়ের জন্য শিক্ষার্থীদের দূরে কোথাও যেতে হবে না। চাকদহের বুকে, ইনোটেক এডুহাব এখন চারুপ্রভা ইনস্টিটিউট অফ টেকনোলজি অ্যান্ড স্কিল ডেভেলপমেন্টের সাথে হাত মিলিয়ে তাদের শিক্ষা কার্যক্রমকে আরও বিস্তৃত ও আধুনিক করে তুলেছে। এই কেন্দ্রটি এখন একটি পূর্ণাঙ্গ প্রযুক্তিগত শিক্ষাকেন্দ্রে পরিণত হয়েছে। বিশেষ করে গ্রামীণ ও মফস্বল এলাকার অর্থনীতির কথা মাথায় রেখে এখানে এআই টেকনোলজি ইন্টিগ্রেটেড জব ওরিয়েন্টেড কোর্সগুলোর পাশাপাশি ভোকেশনাল শিক্ষার ওপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। এই নতুন পথ চলায় চাকদহ কেন্দ্রটি এখন প্রযুক্তির এক পাওয়ার হাউস হয়ে উঠেছে, যা স্থানীয় যুবসমাজকে বিশ্বমানের প্রতিযোগিতার জন্য প্রস্তুত করবে।

আধুনিক এই শিক্ষা ব্যবস্থার অন্যতম প্রধান স্তম্ভ হলো বি.ভোক বা ব্যাচেলর অফ ভোকেশন ডিগ্রি। শ্রী বিশ্বনাথ মন্ডল বর্তমান ছাত্রছাত্রী ও অভিভাবকদের দীর্ঘদিনের একটি ভ্রান্ত ধারণা ভাঙতে সচেষ্ট হয়েছেন। সাধারণ বি.এ, বি.এসসি বা বি.কম পাসের পর যেখানে ছাত্রছাত্রীরা চাকরির বাজারে দিশেহারা বোধ করে। সেখানে বি.ভোক ডিগ্রি তাদের দিচ্ছে সরাসরি কর্মক্ষেত্রে প্রবেশের সুযোগ। সাধারণ গ্র্যাজুয়েশনে যেখানে প্রায় নব্বই শতাংশ পড়াশোনা হয় তাত্ত্বিক বা থিওরি নির্ভর, বি.ভোক কোর্সে সেখানে সত্তর শতাংশই থাকে প্র্যাকটিক্যাল বা হাতে-কলমে শিক্ষা। এটি একটি ইউজিসি স্বীকৃত পূর্ণাঙ্গ ডিগ্রি হওয়া সত্ত্বেও এর বিশেষত্ব হলো এটি সম্পূর্ণ 'ওয়ার্ক ইন্টিগ্রেটেড', অর্থাৎ পড়াশোনা শেষ করার আগেই একজন শিক্ষার্থী ইন্ডাস্ট্রিতে কাজ করার জন্য সম্পূর্ণ প্রস্তুত হয়ে যায়। আজকের দিনে একজন সাধারণ ইতিহাস বা রাষ্ট্রবিজ্ঞানের স্নাতকের তুলনায় ডেটা সায়েন্স বা সফটওয়্যার ডেভেলপমেন্টে বি.ভোক ডিগ্রিধারীর চাকরির সুযোগ ও বেতনের পরিমাণ যে কয়েক গুণ বেশি, তা আর বলার অপেক্ষা রাখে না।

চাকদহের এই পরিবর্তিত কেন্দ্রে এবার এমন কিছু কোর্স যুক্ত করা হয়েছে যা পশ্চিমবঙ্গের সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে খুব একটা দেখা যায় না। বিশেষ করে কৃষি প্রধান এলাকা ও পরিবেশ সচেতনতার কথা মাথায় রেখে এখানে ফার্ম মেশিনারি ও ইকুইপমেন্ট এবং রিনিউএবল এনার্জি ও সোলার টেকনোলজি-র ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে; বাংলায় এই ধররনের শিক্ষার সুবিধা এই প্রথম। আধুনিক কৃষি ব্যবস্থায় যন্ত্রপাতির সঠিক ব্যবহার ও অটোমেশন এখন সময়ের দাবি। একইভাবে জীবাশ্ম জ্বালানির বিকল্প হিসেবে সৌরশক্তির ব্যবহার বিশ্বজুড়ে বাড়ছে, যার ফলে এই ক্ষেত্রে কয়েক লক্ষ দক্ষ কর্মীর প্রয়োজন হচ্ছে। ইনোটেক এডুহাব ও চারুপ্রভা ইনস্টিটিউটের এই বিশেষ উদ্যোগ স্থানীয় তরুণদের এই নতুন প্রজন্মের টেকনিক্যাল পেশায় প্রবেশের দরজা খুলে দিয়েছে। এর পাশাপাশি মোবাইল অ্যাপ ডেভেলপমেন্ট, সাইবার সিকিউরিটি ও এথিক্যাল হ্যাকিং আর রোবোটিক্স ও ডাটা ইঞ্জিনিয়ারিং-এর মতো হাই-এন্ড প্রযুক্তিগুলোকেও এই কেন্দ্রে অত্যন্ত সহজভাবে সাধারণ শিক্ষার্থীদের নাগালে নিয়ে আসা হয়েছে।

ইনোটেক এডুহাবকে কেন আজ ছাত্রছাত্রীরা সেরার তালিকায় রাখছে, তার পেছনে রয়েছে এক শক্তিশালী ও মানবিক ইকোসিস্টেম। এই প্রতিষ্ঠানটি শুধুমাত্র ডিগ্রি প্রদান করে না, বরং প্রতিটি শিক্ষার্থীর জন্য 'কাস্টমাইজড লার্নিং মডেল' অনুসরণ করে। এখানে ভর্তির আগে শিক্ষার্থীর একাডেমিক ব্যাকগ্রাউন্ড ও ক্যারিয়ারের লক্ষ্য বিচার করে তবেই তার জন্য সঠিক কোর্সটি নির্বাচন করা হয়। প্রতিষ্ঠানের এআই বেসড স্মার্ট ল্যাবগুলো সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত ও আধুনিক হাই-পারফরম্যান্স সিস্টেম সজ্জিত, যেখানে ইন্ডাস্ট্রি-এক্সপেরিয়েন্সড শিক্ষকরা সরাসরি 'অন-দ্য-জব' অভিজ্ঞতা শেয়ার করেন। এখানকার প্রতিটি ক্যারিয়ার কোর্সে ইন্টার্নশিপ বাধ্যতামূলক করা হয়েছে যাতে পড়াশোনার মাঝেই ছাত্রছাত্রীরা পেশাদার আত্মবিশ্বাস গড়ে তুলতে পারে। সব মিলিয়ে প্রায় ২৫০টিরও বেশি কোর্স নিয়ে গঠিত এই ভাণ্ডার থেকে শিক্ষার্থীরা তাদের পছন্দমতো ভবিষ্যৎ বেছে নেওয়ার সুযোগ পাচ্ছে। সবচেয়ে উল্লেখযোগ্য দিক হলো, ইনোটেক এডুহাব শুধুমাত্র পেশাদার উন্নতির কথা ভাবে না, তারা শিক্ষার্থীর মানসিক স্বাস্থ্যের দিকেও সমান নজর দেয়। বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে পড়াশোনা ও ক্যারিয়ারের চাপে ছাত্রছাত্রীরা যাতে ভেঙে না পড়ে, তার জন্য প্রতি ত্রৈমাসিকে ইমোশনাল কাউন্সেলিং করানো হয়। চাপের মুখে কীভাবে সুস্থ থেকে সেরাটা দেওয়া যায়, তা এখানে শেখানো হয়। এর সঙ্গে রয়েছে হাই-ব্রিড লার্নিং অপশন, যার মাধ্যমে দূরে থাকা শিক্ষার্থী বা চাকরিরত ব্যক্তিরাও অনলাইনে ও অফলাইনে সমন্বিতভাবে শিক্ষা গ্রহণ করতে পারেন। কোর্স শেষ হওয়ার পরেও প্রতিষ্ঠানের সঙ্গে ছাত্রছাত্রীদের সম্পর্ক ছিন্ন হয় না; লাইফটাইম প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স, সিভি বিল্ডিং ও ইন্টারভিউ প্রিপারেশনের মাধ্যমে ইনোটেক এডুহাব সবসময় তাদের পাশে থাকে।

পরিশেষে বলা যায়, যারা নিজেদের ক্যারিয়ার নিয়ে সিরিয়াস ও আগামী দিনের স্মার্ট প্রযুক্তির দুনিয়ায় নিজেদের প্রতিষ্ঠিত করতে চান, তাদের জন্য এই প্রতিষ্ঠানটি এখন এক নির্ভরযোগ্য আশ্রয়ের নাম। আধুনিক কৃষি প্রযুক্তি থেকে শুরু করে সৌরশক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তা— সব ক্ষেত্রেই দক্ষ হয়ে ওঠার এই মহৎ সুযোগ এখন চাকদায়। শ্রী বিশ্বনাথ মণ্ডলের ভিশন ও চারুপ্রভা ইনস্টিটিউটের কর্মোদ্যোগ পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে এক নতুন বিপ্লবের সূচনা করতে চলেছে।

আমাদের কেন্দ্রসমূহের ঠিকানা (Addresses of Our Centres):

**গড়িয়া কেন্দ্র (কলকাতা):** ৪৯/১, গড়িয়া স্টেশন রোড, কলকাতা - ৭০০ ০৮৪ (৪৯ নম্বর বাস স্ট্যান্ড এবং গড়িয়া স্টেশনের অতি নিকটে)। হেল্পলাইন: ৯৮৩১৯০৯৮৯৮ / ৯৩৩০৫৬৪৩৮৭

**চাকদহ কেন্দ্র (নদিয়া):** চারুপ্রভা ইনস্টিটিউট অফ টেকনোলজি অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট চৌরাস্তা, বোনোগ্রাম রোড, বর্ষা ভবন, ১ম তলা (ইলেকট্রিক অফিসের বিপরীতে), চাকদহ, নদিয়া। যোগাযোগ: ৯৮৩১৯০৯৮৯৮ / ৯২৪২৮১৫০৪৬ / ৯২৪২৮১৫০৪৯

# রেলে ১১,১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে কীভাবে চাকরি পাবেন

*সরকারি বা বেসরকারি ক্ষেত্রে, যেসব দফতরে চাকরি পেলে সামাজিক সম্মান কয়েকগুণ বেড়ে যায় — তার মধ্যে একেবারে ওপরের দিকে আছে ভারতীয় রেলে চাকরি। আজকের এই চূড়ান্ত 'কম্পিটিটিভ' চাকরির বাজারে, একটি ছেলে বা মেয়ের স্বপ্ন থাকে — রেলে চাকরি পেয়ে কেরিয়ার শুরু করা। অন্যান্য রিক্রুটারদের থেকে রেলে অনেক বেশি সংখ্যক শূন্যপদ প্রতি বছর তৈরি হয়। কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো গত বছর ঘোষণা করেন যে, ২০২৬ সাল থেকে প্রতি বছর রেল বিপুল হারে নিয়োগ করবে। সেই মতো গত বছরেই এবছরের পরীক্ষার ক্যালেন্ডার রেল বার করে। সেই অনুযায়ী ইতিমধ্যেই নিয়োগ শুরু হয়ে গেছে। ১৫ই মে থেকে সারা দেশ জুড়ে রেলের ২৯টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১১,১২৭ জন অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট নেওয়ার বিজ্ঞপ্তি বেরোবে। আবেদন করবে প্রায় ১০ লাখ ছেলেমেয়ে। ঠিক কীভাবে প্রস্তুতি নিলে রেলে চাকরি পাওয়ার স্বপ্ন সফল করতে পারবেন, সে বিষয়ে সবিস্তারে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

ভারতীয় রেলওয়ে কেন্দ্রীয় কর্মসংস্থান বিজ্ঞপ্তি (CEN) / 01/2026 এর অধীনে সহকারী লোকো পাইলট (ALP) পদে নিয়োগের জন্য একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। সারা দেশের বিভিন্ন রেলওয়ে নিয়োগ বোর্ড (RRB) এর মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া পরিচালিত হবে। ভারতীয় রেলওয়েতে কাজ করতে আগ্রহী প্রার্থীরা অনলাইন মোডের মাধ্যমে আবেদন করতে পারবেন। সরকারি সময়সূচি অনুসারে, আবেদন প্রক্রিয়া এবছর ১৫ মে থেকে শুরু হবে ও ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ১৪ জুন। এই নিয়োগ অভিযানের মাধ্যমে, বিভিন্ন রেলওয়ে জোনে মোট ১১,১২৭টি ALP শূন্যপদ পূরণ করা হবে।

রেলওয়ে নিয়োগ বোর্ড RRB ALP সিলেবাস ও পরীক্ষার প্যাটার্ন বিজ্ঞাপনের সঙ্গে প্রকাশ করেছে। এই পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছেন এমন প্রার্থীদের সিলেবাস ও CBT1, CBT2 ও CBAT সহ সকল পর্যায়ের পরীক্ষার প্যাটার্ন সম্পর্কে ভালভাবে জ্ঞান থাকতে হবে। অফিসিয়াল লোকো পাইলট সিলেবাস অনুসারে, CBT1-এ গণিত, সাধারণ বুদ্ধিমত্তা ও যুক্তি, সাধারণ বিজ্ঞান ও সাধারণ সচেতনতা ও বর্তমান ঘটনাক্রম অন্তর্ভুক্ত রয়েছে। CBT2-এ বেসিক ইঞ্জিনিয়ারিং ও একটি ট্রেড-নির্দিষ্ট পেপার (পার্ট B) অন্তর্ভুক্ত রয়েছে।

CBT1-এ ৭৫ নম্বরের জন্য ৭৫টি প্রশ্ন রয়েছে।

CBT2-এ ১৭৫ নম্বরের জন্য ১৭৫টি প্রশ্ন রয়েছে।

RRB ALP পরীক্ষার প্যাটার্ন ২০২৬ তিনটি ধাপ নিয়ে গঠিত যা হল CBT1, CBT2 ও কম্পিউটার-ভিত্তিক অ্যাপটিটিউড টেস্ট (CBAT)। পরীক্ষার প্যাটার্ন অনুসারে, প্রশ্নগুলি দশম শ্রেণী স্তরের ওপর ভিত্তি করে তৈরি করা হবে যা সহকারী লোকো পাইলট পদের জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা। নীচে প্রতিটি পর্যায়ের জন্য বিস্তারিত পরীক্ষার প্যাটার্নটি নিম্নরূপ :

CBT1 পরীক্ষার প্যাটার্নে একটি অবজেক্টিভ-টাইপ পরীক্ষা যা যোগ্যতা অর্জনের জন্য। বিষয়ভিত্তিক গুরুত্ব, মার্কিং স্কিম ও সময়কাল জানতে প্রার্থীদের অবশ্যই পেপার প্যাটার্নটি বুঝতে হবে। পরীক্ষায় ৭৫ নম্বরের ৭৫টি প্রশ্ন থাকে, যা ৬০ মিনিটের মধ্যে শেষ করতে হবে ও প্রতিটি ভুল উত্তরের জন্য প্রতিটি প্রশ্নের জন্য বরাদ্দকৃত নম্বরের ১/৩ অংশ কেটে নেওয়া হবে।

CBT2 পরীক্ষা দুটি অংশে (Part A ও Part B) বিভক্ত, যা মোট ২ ঘণ্টা ৩০ মিনিটে ১৭৫টি প্রশ্ন নিয়ে হয়। পার্ট A-তে গণিত, রিজনিং, বেসিক সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং (১০০ প্রশ্ন, ৯০ মিনিট) থাকে যা মেরিট তৈরি করে, ও পার্ট B-তে ট্রেড সম্পর্কিত টেকনিকাল বিষয় (৭৫ প্রশ্ন, ৬০ মিনিট) থাকে যা কোয়ালিফাইং প্রকৃতির।

পার্ট A (Part A) - ১০০টি প্রশ্ন (৯০ মিনিট):
এটি মেরিট তালিকা নির্ধারণের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ।

- গণিত (Mathematics): সংখ্যা পদ্ধতি, সরলীকরণ, লসাগু-গসাগু, অনুপাত, শতকরা, সময় ও কার্য ইত্যাদি।
- সাধারণ বুদ্ধিমত্তা ও রিজনিং (General Intelligence Reasoning): সিরিজ, কোডিং-ডিকোডিং, সম্পর্ক, পাজল ইত্যাদি।
- বেসিক সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং (Basic Science & Engineering): ইঞ্জিনিয়ারিং ড্রয়িং, ইউনিট, মেজারমেন্ট, ভর-ওজন, কাজ-শক্তি-ক্ষমতা, বিদ্যুৎ ইত্যাদি (১০ম শ্রেণি পর্যন্ত)।

পার্ট B (Part B) - ৭৫টি প্রশ্ন (৬০ মিনিট):
এটি শুধুমাত্র কোয়ালিফাইং বা যোগ্যতা অর্জনের পরীক্ষা।

- ট্রেড সম্পর্কিত (Trade Specific): প্রার্থী যে ট্রেডে (ITI বা ডিপ্লোমা) আবেদন করেছেন, সেই বিষয়ের ওপর প্রশ্ন থাকে।
- যোগ্যতা: পাসের জন্য ন্যূনতম ৩৫% নম্বর প্রয়োজন (সব ক্যাটাগরির জন্য বাধ্যতামূলক)।

CBT2 -এর পার্ট A-তে ভালো স্কোর করা ও পার্ট B পাস করা চূড়ান্ত মেধা তালিকার জন্য অত্যন্ত জরুরি। প্রতিটি ভুল উত্তরের জন্য ১/৩ নম্বর নেগেটিভ মার্কিং থাকবে।

CBAT (সাইকো টেস্ট)

কম্পিউটার ভিত্তিক অ্যাপটিটিউড টেস্ট (CBAT) বা সাইকো টেস্ট শুধুমাত্র RRB সহকারী লোকো পাইলট পদের জন্য নেওয়া হয়। প্রার্থীদের CBAT পরীক্ষার ধরণ সম্পর্কে নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখতে হবে -

এই পর্যায়ের জন্য ন্যূনতম যোগ্যতা অর্জনের নম্বর হল প্রতিটি পরীক্ষার ব্যাটারিতে ৪২ নম্বর, বিভাগ নির্বিশেষে।

প্রতিটি বিভাগের জন্য ALP শূন্যপদের সংখ্যার ৮ গুণের সমান প্রার্থীদের CBT II-তে তাদের পারফরম্যান্সের ওপর নির্ভর করে এই পর্যায়ের জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হবে।

প্রার্থীদের কম্পিউটার ভিত্তিক অ্যাপটিটিউড টেস্টের প্রতিটি টেস্ট ব্যাটারিতে যোগ্যতা অর্জন করতে হবে।

CBATপরীক্ষার প্রশ্নের মাধ্যম হবে ইংরিজি ও হিন্দি।

CBAT-তে কোনো নেতিবাচক মার্কিং থাকবে না।

RRB ALP-এর চূড়ান্ত মেধা তালিকা শুধুমাত্র CBAT পর্যায়ে উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে প্রস্তুত করা হবে। মেধা তালিকা প্রস্তুত করার জন্য CBT2-এর পার্ট A-তে পাওয়া নম্বরের ওপর ৭০% গুরুত্ব নির্ধারণ করা হবে ও CBAT-তে পাওয়া নম্বরের ওপর ৩০% গুরুত্ব নির্ধারণ করা হবে।

RRB ALP ২০২৬ পরীক্ষার প্রস্তুতির জন্য গণিত, রিজনিং, সাধারণ বিজ্ঞান (দশম শ্রেণী স্তর) ও কারেন্ট অ্যাফেয়ার্সের ওপর জোর দিন। CBT1 -এর জন্য NCERT বই পড়ুন ও নিয়মিত মক টেস্ট দিন। CBT2 -এর জন্য ট্রেড-ভিত্তিক টেকনিকাল বিষয় ও বেসিক ইঞ্জিনিয়ারিং-এ দক্ষতা তৈরি করুন, নিয়মিত রিভিশন ও প্রয়োজন হলে কোচিংয়ের সহায়তা নিন।

ব্যাঙ্ক, রেল, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230

# ৫২,৩১১ AI বেসড ওয়েব ডিজাইনার

১ পাতার পর

উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১৫,০০০/- - ১৮,০০০/-টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩১.০৩.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (অক্টোবর - ডিসেম্বর) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫৭,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **AI based Web Designer** ও **AI based Graphics Designer** এই ২ পদে।' এর কারণ কি ? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX** ডিজাইনার লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৮০ থেকে ৯০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী ? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে ?**

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং ও ওয়েব ডিজাইনিংয়ের ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। শুধুমাত্র **উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও** এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই,** যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **AI বেসড ওয়েব ডিজাইনিং ও AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Frendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ৪টি **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই ওয়েব ডিজাইনিং ও UI / UX ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX ডিজাইনিং** (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **ওয়েব ডিজাইনিং (UI / UX ডিজাইন সহ)** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ১৫,০০০/- - ১৮,০০০/-টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'ওয়েব ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই AI বেসড ওয়েব ডিজাইনিং শিখতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রি ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **AI Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। (১৯) মার্চ মাসের মধ্যে ভর্তি হলে কোর্স ফি-তে স্পেশাল ছাড় পাবেন। কারণ, ১ এপ্রিল থেকে কোর্স ফি বেশ কিছুটা বেড়ে যাবে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## চাকরির টুকরো খবরাখবর

ইউ.পি.এস.সি.'র ২০২৬ সালের কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট (প্রিলিমিনারি) পরীক্ষা হবে ২০ ও ২১ জুন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://www.upsc.gov.in

■

ইউ.পি.এস.সি.'র ২০২৫ সালের ফরেস্ট সার্ভিস (মেন) পরীক্ষা হবে ১৬ নভেম্বর থেকে ২৩ নভেম্বর। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://www.upsc.gov.in

■

ইউ.পি.এস.সি.'র ২০২৬ সালের ইঞ্জিনিয়ারিং সার্ভিস (প্রিলিমিনারি) পরীক্ষা হবে ২১ জুন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://www.upsc.gov.in

■

২০২৬ সালের গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট (গেট-২০২৬)'এর ফল বেরিয়েছে। সফলদের স্কোর কার্ড পাবেন এই ওয়েবসাইটে : https://gate2026.iitg.ac.in

## সশস্ত্র সীমা বলে ২৩৩ ১ পাতার পর

কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ১৯৭টি (জেনাঃ ৮৭, ই.ডব্লু.এস. ১৮, ও.বি.সি. ৫৫, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ১৭)।

**হেড কনস্টেবল (ইলেক্ট্রিশিয়ান) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের অন্তত ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ২৯টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)।

**হেড কনস্টেবল (স্টুয়ার্ড) :** উচ্চমাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত সংস্থা থেকে ক্যাটেরিং কিচেন ম্যানেজমেন্টের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। কোনো নামি হোটেলে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**হেড কনস্টেবল (ভেটেরিনারি) :** বিজ্ঞান ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ভেটেরিনারি অ্যান্ড লাইভস্টক ডেভেলপমেন্ট. ভেটেরিনারি স্টক অ্যাসিস্ট্যান্ট কোর্স বা, অ্যানিম্যাল হাজবেন্ড্রির দু'বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। পশু চিকিৎসালয়ে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ২)।

সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, সরকারি কর্মীরা ৫ বছর, বিভাগীয় প্রার্থীরা ৩৫ বছর বয়স পর্যন্ত আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে কেন্দ্রীয় সরকারের নিয়মানুযায়ী। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ৬/৬, ৬/৯. ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা কিংবা শরীরের কোনো ত্রুটি থাকলে আবেদনের যোগ্য নন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা, শর্টহ্যান্ড টেস্ট, টাইপিং টেস্ট, কম্পিউটার টেস্ট, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা হবে।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিমি দৌড় ও মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। সফল হলে লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় ৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : ৫০ নম্বর থাকবে এইসব বিষয়ে : ইংরিজি, জেনারেল নলেজ, অ্যারিথমেটিক, রিজনিং। টেকনিক্যাল বিষয়ে থাকবে ১০০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। পরীক্ষা হবে ও.এম.আর. শীটে। ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেলে সফল হবেন। এরপর স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে ২১ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : https://recruitment.ssb.gov.in, https://ssb.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৪-১২কেবির মধ্যে) আর সিগনেচার (৪-১২কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১০ হাজার ছেলেমেয়েকে ১ পাতার পর

ও.বি.সি.'রা ৩৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীদের পশ্চিমবঙ্গে অন্তত ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৫০০ টাকা।

**জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) :** মোট অন্তত ৪০% (তপশিলী, ও.বি.সি.'রা ৩৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। হেলথ কেয়ার সায়েন্স নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৪০% (তপশিলী, ও.বি.সি.'রা ৩৫%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। এ.এন.এম. (পাশ নম্বর পেয়ে পাশ) হিসাবে নাম নথিভুক্ত থাকলেও যোগ্য। পশ্চিমবঙ্গে একটানা ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ৩ বছরের ট্রেনিং।

এ.এন.এম. কোর্সে ভরতির জন্য শুধুমাত্র মেয়েরা যোগ্য। জি.এন.এম. কোর্সে ভরতির জন্য ছেলেমেয়ে উভয় প্রার্থীরাই যোগ্য।

**বয়স :** ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১২-২০২৬'র হিসাবে ন্যূনতম ১৭বছর। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। এবছর যাঁরা উচ্চমাধ্যমিকের ফাইনাল পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদনের যোগ্য। বাংলা ভাষায় বলতে, লিখতে পারায় দক্ষতা থাকতে হবে। সব ক্ষেত্রে মেডিক্যালে ফিট হতে হবে ও মেডিক্যাল ফিট সার্টিফিকেট দিতে হবে। ট্রেনিংয়ে সফল হলে শূন্যপদ অনুযায়ী 'স্টাফ নার্স' পদে চাকরি পেতে পারেন। ট্রেনিংয়ের শেষে ৬ মাসের মধ্যে রাজ্য সরকারের স্টাফ নার্স পদে চাকরি পেলে ৫ বছর চাকরি করতে বাধ্য থাকতে হবে। আবাসিক কোর্স। বাসস্থানের জন্য মাসে ১ ২টাকা করে জমা দিতে হবে। খাদ্য বাবদ প্রতি মাসে দেয় টাকার পরিমাণ পরে জানানো হবে। স্টাইপেন্ড মাসে ৫০০ টাকা। মোট শূন্যপদের মধ্যে তপশিলী জাতির জন্য ২২%, তপশিলী উপজাতিদের জন্য ৬%, ও.বি.সি. 'এ' ক্যাটেগরির প্রার্থীদের জন্য ১০%, ও.বি.সি.-'বি' ক্যাটেগরির প্রার্থীদের জন্য ৭%, সিভিল ডিফেন্সে কর্মরতদের জন্য ২৫%, অনাথ, দুঃস্থ মহিলাদের জন্য ২% সীট সংরক্ষিত আছে।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। 'Joint Entrance Test for Auxiliary Nursing & Midwifery and General Nursing & Midwifery -2026'এর মাধ্যমে। এই পরীক্ষা হবে ১৪ জুন, বেলা ১ টা থেকে দেড়টা পর্যন্ত। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : সেন্ট্রাল কলকাতা, উত্তর কলকাতা, সল্ট লেক /নিউ টাউন, সাউথ কলকাতা, পশ্চিম কলকাতা, মালদা, বহরমপুর, জিয়াগঞ্জ, রঘুনাথগঞ্জ, কল্যাণী, নবদ্বীপ, অশোকনগর, বারাসাত, ব্যারাকপুর, বসিরহাট, আসানসোল, দুর্গাপুর, গড়বেতা, খড়্গপুর, মেদিনীপুর, বর্ধমান, কাঁথি, হলদিয়া, তমলুক, পুরুলিয়া, জয়নগর, গড়িয়া /সোনারপুর /বারুইপুর, রায়গঞ্জ, শিলিগুড়ি, আলিপুরদুয়ার, বাঁকুড়া, বিষ্ণুপুর, বোলপুর, সিউড়ি, কোচবিহার, বালুরঘাট, কার্শিয়াং, আরামবাগ, ব্যান্ডেল /চুঁচুড়া, শ্রীরামপুর, সালকিয়া /বালি / উত্তরপাড়া, হাওড়া ময়দান /শিবপুর, সাঁতরাগাছি/ ডোমজুড়, উলুবেড়িয়া, জলপাইগুড়ি, ঝাড়গ্রাম, কালিম্পং।

এই পরীক্ষায় ১১৫ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) লাইফ সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত)-৫০ নম্বরের ৪০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-।'এ থাকবে ৩০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -।।'এ থাকবে ১০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)।

(২) ফিজিক্যাল সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত) - ২৫ নম্বরের ২০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-।'এ থাকবে ১৫টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -।।'এ থাকবে ৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)।

(৩) ইংরিজি -১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (৪) অঙ্ক (নবম ও দশম লেভেল পর্যন্ত)-১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৫) জেনারেল নলেজ-১০ নম্বরের ১০টি প্রশ্ন। (৬) লজিক্যাল রিজনিং-৫ নম্বরের ৫টি প্রশ্ন।

সময় থাকবে দেড় ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা ভাষায় (ইংরিজি ও লজিক্যাল রিজনিং ছাড়া)। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে।

এন্ট্রান্স টেস্টে পাওয়া নম্বর দেখেই চূড়ান্ত মেধা তালিকা তৈরি হবে। এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সের জন্য দু'টি আলাদা 'জেনারেল মেরিট র‌্যাঙ্ক (জি.এম.আর.)' তালিকা তৈরি হবে। এরপর হবে কাউন্সেলিং / সীট অ্যালোকেশন। তখন কোন প্রতিষ্ঠানে ক'টি সীটে কোন কোন প্রার্থীরা কাউন্সেলিংয়ে হাজির হতে পারবেন তা বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে।

প্রত্যেক প্রার্থীই র‌্যাঙ্ক কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। তবে সব প্রার্থীই কাউন্সেলিংয়ে ডাক পাবেন না। নির্দিষ্ট কাট অফ র‌্যাঙ্ক বা, কাট অফ স্কোর পর্ষদ ঠিক করবে। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন ৪ জুন থেকে ১৪ জুন পর্যন্ত।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in,www.wbjeeb.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০-২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৪-৩২কেবির মধ্যে)। স্ক্যান করবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর অ্যাপ্লিকেশন নম্বর, আই.ডি. ও পাসওয়ার্ড পাবেন। যেটি লিখে রাখবেন। এরপর স্ক্যান করা যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৪০০ (তপশিলী, ও.বি.সি., ই.ডব্লু.এস., অনাথ শিশুদের জন্য ৩০০) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর 'কনফার্মেশন পেজ' ডাউনলোড করে নেবেন। তারপর সেটি প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও পাবেন এই ঠিকানায় : Controller of Examinations, West Bengal Joint Entrance Examination Board, Rupanna, DB-118, Sector - I, Salt Lake City, Kolkata - 700 064. Ph: 1800123 4782. Email: info@wbjeeb.in

নার্সিং এন্ট্রান্স
ANM ও GNM
পরীক্ষার প্রস্তুতি মানেই
কি টু সাকসেস্
নৈহাটি 9339477082

# রাজ্যের ১১২টি কোম্পানিতে
# ৩০,২১২ পদে চাকরি
## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ৫২টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৬০টি কোম্পানি মিলিয়ে মোট ১১২টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৩০,২১২ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১.০৩.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/-টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৭ মাসে চাকরি হয়েছে প্রায় ২,৩৩২ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই পর্যায়-এ — প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো পে-প্যাকেজ চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের স্পেশাল প্রফেশনাল ট্রেনিং — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। (১৪) মার্চ মাসের মধ্যে ভর্তি হলে কোর্স ফি-তে স্পেশাল ছাড় পাবেন। কারণ, ১ এপ্রিল থেকে কোর্স ফি বেশ কিছুটা বেড়ে যাবে। বিশেষত যারা গ্র্যাজুয়েশন পাশ করেছেন ও বয়স ৩০ বছরের মধ্যে আর এখন থেকেই শুরুতে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেতে চান আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। দু'টি ঘটনার মধ্যবর্তী সময়ের ব্যবধান পরিমাপের জন্য কোন ধরনের ঘড়ি ব্যবহৃত হয় — স্টপ ওয়াচ।

২। বরফের সঙ্গে খাদ্য লবণ মেশালে, মিশ্রণের গলনাঙ্কে কোন ধরনের পরিবর্তন হয় — কমে যায়।

৩। টেলিস্কোপের নলের উভয় প্রান্তে কোন ধরনের লেন্স থাকে — সম উত্তল লেন্স।

৪। সূর্যের ক্রোমোস্ফিয়ারে প্রথম কোন রাসায়নিক উপাদান আবিষ্কৃত হয় — হিলিয়াম (ফর্মূলা - He, পারমাণবিক সংখ্যা - 2)।

৫। মানবদেহে খাবারের পরিপাক ও শোষণের কাজ করে কোন অঙ্গ — ক্ষুদ্রান্ত্র।

৬। 'ক্যাসিটারাইট' কোন ধাতুর সবথেকে গুরুত্বপূর্ণ উৎস — টিন (প্রতীক - Sn, পারমাণবিক সংখ্যা - ৫০)।


৭। বৃদ্ধ বয়সে দৃষ্টির ত্রুটিকে বলা হয় — প্রেসবাইয়োপিয়া।

৮। কোন জীবাণু থেকে 'হাম' রোগ হয় — রুবেওলা।

## ইতিহাস

৯। মাদ্রাজের কোন গভর্নর টিপু সুলতানের সঙ্গে চুক্তি করেছিলেন — জর্জ ম্যাকার্টনি (১৭৮৪ সালের ১১ মার্চ এই চুক্তি হয়)।

১০। ভারতের প্রথম 'ইন্ডিয়ান সিভিল সার্ভিসেস' অফিসার ছিলেন —



সত্যেন্দ্রনাথ ঠাকুর (১৮৬৩ সালে ইন্ডিয়ান সিভিল সার্ভিসেসে যোগ দেন তিনি)।

১১। ভাস্কো দা গামা কতবার ভারতে এসেছিলেন — ৩ বার (১৪৯৮ খ্রিস্টাব্দ, ১৫০১ খ্রিস্টাব্দ ও ১৫২৪ খ্রিস্টাব্দ)।

১২। 'এলাহবাদ চুক্তি'র পর রবার্ট ক্লাইভ কাকে বাংলার ডেপুটি দেওয়ান হিসাবে নিযুক্ত করেছিলেন — মোহাম্মদ রাজা খান।

১৩। বিখ্যাত ইতিহাসবিদ গ্রান্ট ডাফ কাকে 'মারাঠার নেপোলিয়ন' উপাধি দিয়েছিলেন — প্রথম বাজিরাও।

১৪। গৌতম বুদ্ধ কোন স্থানে তাঁর প্রথম ধর্মোপদেশ দিয়েছিলেন — সারনাথ।

১৫। মহাদ সত্যাগ্রহের নেতৃত্ব দেন — ড.বি.আর.আম্বেদকর (এটি ছিল ভারতের একটি পাব্লিক ট্যাঙ্কের জল ব্যবহার করার অনুমতি দেওয়ার একটি সত্যাগ্রহ, যা ১৯২৭ সালের ২০ মার্চ হয়েছিল)।

১৬। 'চণ্ডাশোক' কাকে বলা হয় — অশোক।

## ভূগোল

১৭। কোন মাটি উদ্ভিদের বৃদ্ধির জন্য সর্বোত্তম মাটি বলে বিবেচিত হয় — দোআঁশ (দোআঁশ মাটি হল বালি, কাদামাটি ও হিউমাসের মিশ্রণ)।

১৮। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল জাফরান চাষের জন্য সবথেকে বেশি পরিচিত — জম্মু ও কাশ্মীর।

১৯। ভারতের গভীরতম স্থলবেষ্টিত ও সুরক্ষিত বন্দর কোনটি — বিশাখাপত্তনম (আন্ধ্রা প্রদেশের পূর্ব উপকূলে অবস্থিত)।

২০। কোন দ্বীপ 'ময়ূর দ্বীপ' নামে পরিচিত — উমানন্দ দ্বীপ (অসমের গুয়াহাটি শহরের মধ্য দিয়ে প্রবাহিত 'ব্রহ্মপুত্র' নদীর মাঝখানে অবস্থিত এই ক্ষুদ্রতম নদী দ্বীপ)।

২১। 'ইন্দিরা পয়েন্ট'এর আগের নাম কী ছিল — পিগম্যালিয়ন পয়েন্ট (১৯৮০ সালে ইন্দিরা গান্ধীর সম্মানে এই নামকরণ করা হয়)।

২২। 'মিঠি' নদী ভারতের কোন শহরের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে — মুম্বই (এই নদীটি 'মাহিম' নদী নামেও পরিচিত)।

২৩। ভারতের ক্ষুদ্রতম কেন্দ্রশাসিত অঞ্চল কোনটি — লাক্ষাদ্বীপ (৩২ বর্গ কিলোমিটার)।

২৪। ভারতের স্থল সীমানা প্রায় কত কিলোমিটার — ১৫,২০০ (৯,৪৪৫ মাইল)।

## অর্থনীতি

২৫। 'সিটি ইউনিয়ন ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — আর.বিজয় আনন্দ।

২৬। ব্রেইল-সক্ষম প্রিমিয়র ক্রেডিট কার্ড চালু করেছে কোন সংস্থা — ববকার্ড লিমিটেড (এটি 'ব্যাঙ্ক অফ বরোদা'র সম্পূর্ণ মালিকানাধীন সহযোগী প্রতিষ্ঠান)।

২৭। অসমের 'ব্রহ্মপুত্র' নদ তীরবর্তী বন্যা ও ভাঙন ব্যবস্থাপনা জোরদার করতে, মোট কত টাকা অনুমোদন করল 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' — ১৮২ মিলিয়ন ডলার।

২৮। 'উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর চিফ ডিজিটাল অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — পঙ্কজ গুপ্তা।

২৯। 'ফিনো পেমেন্টস ব্যাঙ্ক'এর অন্তর্বর্তীকালীন চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — কেতন মার্চেন্ট।

## সাম্প্রতিক ঘটনা

৩০। ভারতে, 'ভিনফাস্ট'এর (ভিয়েতনামের বৈদ্যুতিক যানবাহন প্রস্তুতকারক সংস্থা) প্রথম বৈদ্যুতিক যানবাহন উৎপাদন কারখানা কোথায় চালু হল — থুথুকোডি (এই কারখানাটি প্রাথমিকভাবে বছরে ৫০,০০০ বৈদ্যুতিক যানবাহন উৎপাদন করবে, যা ভবিষ্যতে ১ লাখ ৫০ হাজারে পৌছাবে বলে মনে করা হচ্ছে)।

৩১। 'জাতীয় তরমুজ দিবস' কবে পালিত হয় — ৩ আগস্ট।

৩২। ডিফেন্স অ্যাকাউন্টসের কন্ট্রোলার জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — রাজ কুমার অরোরা।

৩৩। ভারতীয় নৌবাহিনীর ৪৭ তম ভাইস চিফ হিসাবে দায়িত্ব নিলেন কে — ভাইস অ্যাডমিরাল সঞ্জয় বাৎসায়ন।

৩৪। আন্ধ্রা প্রদেশের বিশাখাপত্তনমে, এশিয়ার বৃহত্তম ডেটা সেন্টার তৈরি করতে চলেছে কোন সংস্থা — গুগল।

৩৫। সিন্ধু নদী পরিষ্কার ও সংরক্ষণের জন্য, কোন দিনটিকে 'সাফাই আন্দোলন দিবস' হিসাবে ঘোষণা করল লাদাখ — ১২ আগস্ট।

৩৬। ৩৫০ বছরের ইতিহাসে প্রথম মহিলা হিসাবে, যুক্তরাজ্যের জ্যোতির্বিজ্ঞানী রাজকীয় পদে নিযুক্ত হলেন কে — মিশেল ডগার্টি।

৩৭। সম্প্রতি প্রয়াত প্রমীলা তাই মেধে (৯৭ বছর) কে ছিলেন — প্রাক্তন আরএসএস প্রধান।

৩৮। প্রথম ভারতীয় রাজ্য হিসাবে, সরকারি কর্মচারীদের জন্য আনুষ্ঠানিকভাবে বিশ্রামকালীন ছুটি চালু করল কারা — সিকিম।

৩৯। ভারতীয় সেনাবাহিনীর ভাইস চিফ হিসাবে নিযুক্ত হলেন কে — লেফটেন্যান্ট জেনারেল পুষ্পেন্দ্র সিং।

৪০। 'টাটা ইনস্টিটিউট অফ সোশ্যাল সায়েন্সেস'এর উপাচার্য হিসাবে নিযুক্ত হলেন কে — অধ্যাপক বদ্রি নারায়ণ তিওয়ারি।

৪১। 'ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব দিবস' কবে পালিত হয় — ১ আগস্ট।

৪২। পুণেতে, ৪৩ তম 'লোকমান্য তিলক জাতীয় পুরস্কার' পেলেন কে — কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকরি (জাতীয় অগ্রগতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

৪৩। 'নর্দার্ন কোলফিল্ডস লিমিটেড'এর চিফ ভিজিল্যান্স অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — অজয় কুমার জয়সওয়াল।

৪৪। আগস্ট থেকে ঐতিহ্যবাহী খেলাধুলোর ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিল কোন রাজ্য — পঞ্জাব (এইসব খেলাধুলোর মধ্যে রয়েছে গরুর গাড়ির দৌড়, কুকুরের দৌড়, ঘোড়ার দৌড় আর পায়রার দৌড়)।

৪৫। কেরালায়, নৌবাহিনীর অফিসার-ইন-চার্জ হিসাবে দায়িত্ব নিলেন কে — কমোডর ভার্গিস ম্যাথিউ।

৪৬। জনস্বাস্থ্য চ্যালেঞ্জ হিসাবে, 'মানব আফ্রিকান ট্রাইপ্যানোসোমিয়াসিস' (স্লিপিং সিকনেস' নামেও পরিচিত) নির্মূল করার জন্য 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র তরফ থেকে সার্টিফিকেট পেল কোন দেশ — কেনিয়া।

৪৭। সম্প্রতি প্রয়াত কলাভবন নাভাস (৫১ বছর) কে ছিলেন — মালয়লম অভিনেতা তথা মিমিক্রি শিল্পী (২০২৫ সালের ১ আগস্ট মারা যান তিনি)।

৪৮। সম্প্রতি প্রয়াত ড.ভি.বাসন্তী দেবী (৮৭ বছর) কে ছিলেন — শিক্ষাবিদ (২০২৫ সালের ১ আগস্ট মারা যান তিনি)।

৪৯। উত্তর প্রদেশের মুখ্য সচিব হিসাবে দায়িত্ব নিলেন কে — শশী প্রকাশ গোয়েল।

৫০। ইঝিমালার 'ভারতীয় নৌ আকাদেমি'র কমান্ড্যান্ট হিসাবে দায়িত্ব নিলেন কে — ভাইস অ্যাডমিরাল মনীশ চাড্ডা।

৫১। কোথায় দেশের প্রথম 'মেক ইন ইন্ডিয়া' সবুজ হাইড্রোজেন প্ল্যান্ট চালু করল 'দীনদয়াল পোর্ট অথরিটি' — গুজরাতের কান্ডলায় (এটি ভারতের যেকোনো বন্দরে প্রথম সবুজ হাইড্রোজেন প্রকল্প)।

৫২। বিশ্বে মাছ উৎপাদনে ভারতের স্থান কত — দ্বিতীয় (প্রথম স্থানে রয়েছে চিন)।

৫৩। দীর্ঘ যাত্রার সময় ট্রাক চালকদের নিরাপত্তা আর সুস্থতার দিকে খেয়াল রাখতে, 'আপনা ঘর' উদ্যোগ চালু করল কোন কেন্দ্রীয় মন্ত্রক — কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক।

সঙ্কলক : পলি দেওয়ান

## ন্যাভাল ডকইয়ার্ডে ২৪০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

টার্নার-৮টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)-১৪টি, ইন্সট্রুমেন্ট মেকানিক-১৫টি, ফাউন্ড্রিম্যান -১টি, শিট মেটাল ওয়ার্কার-১৬টি, ড্রাফটসম্যান (সিভিল)-৩টি, ড্রাফটসম্যান (মেকা) ২টি, সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট-১৪টি, ইলেক্ট্রোপ্লেটার-৩টি, প্লাম্বার-৫টি, মেকানিক ডিজেল -৮টি, টেলর (জেনারেল) ৩টি, পেইন্টার (জেনারেল) ৮টি, শিপরাইট (উড)-১৮টি।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসেস আইন অনুযায়ী ১ থেকে ২ বছরের ট্রেনিং, শুরু জুলাইয়ে। যাঁরা আগে কোনো সরকারি, আধা-সরকারি বা, বেসরকারি সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা, নিচেছন, তাঁরা আবেদনের যোগ্য নন। সরকারি নিয়মানুযায়ী স্টাইপেন্ড পাবেন।

মাধ্যমিক ও আই.টি.আইয়ের পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে বাছাই প্রার্থীদের পরীক্ষা বা, টেস্টের জন্য ডাকা হবে। কবে কোথায় পরীক্ষা হবে তা জানিয়ে দেওয়া হবে।

দরখাস্ত করবেন নিচের ফর্মে। পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) মাধ্যমিক ও আই.টি.আই পাশের মার্কশীট ও সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (২) আধার কার্ডের স্ব প্রত্যয়িত নকল আর পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেটের মূল, (৩) এখনকার তোলা ও গেজেটেড অফিসার কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানের প্রত্যয়িত করা ৩ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে, ২ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৪) ও.বি.সি., তপশিলীরা দেবেন কাস্ট সার্টিফিকেট আর প্রতিবন্ধীরা দেবেন ডাক্তারি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৫) গেজেটেড অফিসারের দেওয়া ক্যারেক্টার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Apprentice Training'. দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে। পৌঁছনো চাই ৩ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : The Admiral Superintendent (for Officer in charge ATS), Apprentices Training School, Naval Ship Repair Yard, Naval Base, Kochi-682004. দরখাস্তের বয়ান :

### APPLICATION FORMAT

Regn No: ..............
(for Office use only)

**ENROLLMENT OF DESIGNATED TRADE APPRENTICES UNDER APPRENTICESHIP ACT (1961)**

**APPRENTICE TRAINING SCHOOL, NAVAL SHIP REPAIR YARD, KOCHI-682004**

Affix latest colour Photo here (Attested by Gazetted Officer or ITI Principal)

1. Trade Applied for:..............................
2. Name of Applicant (As per SSC/Matric Certificate)- : ..............................
3. Sex Male ☐ Female ☐
4. Fathers Name (As per SSC/Matric Certificate): ..............................
5. Date of Birth (As per SSC/Matric Certificate): ..............................
6. Educational/ Professional Qualifications

| Examination Passed | Year of Passing | Max Marks | Marks obtained | % of Marks |
|---|---|---|---|---|
| SSC/Matriculation | | | | |
| ITI (Theory) | | | | |
| ITI (Practical) | | | | |

7. Name of the ITI with Address: ______________________________
8. Category of Community: SC ☐ ST ☐ OBC ☐ GEN ☐
9. Whether Physically Challenged Yes ☐ No ☐
10. Whether son/daughter of Armed Forces Personnel/ Ex-serviceman Yes ☐ No ☐
11. Whether son/daughter of Defence Civilian/Naval Dockyard Employees Yes ☐ No ☐
12. Address for Correspondence : ..............................
..............................
PIN ..............................
13. Mobile/Landline No. with Code : ..............................
Father's Mobile Number: ..............................
Mother's Mobile Number: ..............................
14. Nearest Railway Station ..............................
15. Active e-mail ID of candidates (compulsory): ..............................

I hereby solemnly and sincerely affirm that the particulars furnished above are true and correct.

Date: ......................

Signature of the Applicant

**The applications should be accompanied with following documents: -**

1. Passport Size Photograph (02 Nos.)
3. ITI Marks List
2. SSC/Matric Marks List & Proof of Date of Birth
4. Community Certificate (SC/ST/OBC Candidates Only)
5. Certificate of Physically Challenged (if applicable)
6. Character Certificate from Gazetted Officer or Head of the Institution

(Items 3, 2, 4, 5 and 6 bracketed:) **Attested Photocopy of Original certificate only (Compulsory)**

7. NCC & Sports participation Certificate
8. Certificate, if son/ daughter of Defence Civilian/Dockyard Employees as applicable)
9. Attested copy of PAN and Aadhaar Card of candidates

CBC 10702/11/0085/2526

EN 52/100

এবছর H.S. পরীক্ষা দেবে নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

২৪ ও ২৫ মার্চ, ২০২৬ (মঙ্গলবার ও বুধবার)

স্থানঃ শ্রী শ্যাম সংঘ, মেদিনীপুর স্টেশন রোড (কেরানীতলা), পশ্চিম মেদিনীপুর

ঃ সময় ঃ
সকাল ১০টা থেকে
বিকাল ৪টা পর্যন্ত

উপস্থাপনায় :

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Sponsored by : ncsm
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

In Gracious Presence

JIS GROUP Educational Initiatives | RICE EDUCATION | School of the FUTURE | techno india university WEST BENGAL | CHITKARA UNIVERSITY | SMIT SIKKIM MANIPAL UNIVERSITY | MCKV

SNU SISTER NIVEDITA UNIVERSITY | Ambuja Neotia THE NEOTIA UNIVERSITY UGC Enlisted & Recognised | JIMS Hospital | KNOWLEDGE & HEALTH CAMPUS DURGAPUR | Indian Institute of Packaging Kolkata Centre | TIEM HOTEL AND HOSPITALITY MANAGEMENT COLLEGE

SIPTO Sasraja Group of Institute | DR.B.C.ROY SOCIETY | সিপেট CIPET Central Institute of Petrochemicals Engineering & Technology | HiM Haldia Institute of Management | COLLEGE VIVE | DESUN ACADEMY Get Placed by Skills | INNOTECH EDUHUB

SBIHM | ANIMATION ACADEMY | CAMELLIA A TRUSTED NAME | DOLPHIN School of Hotel Management | SEACOM SKILLS UNIVERSITY seacomskillsuniversity.org | ENDEAVOUR | Tally Academy INSTITUTE OF LEARNING | CAREER FOCUS CONSULTANCY

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — চন্দ্রকান্ত দোলাই, হরিপুরা, কেশিয়ারী, পশ্চিম মেদিনীপুর।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে জুন-জুলাই মাস নাগাদ পরীক্ষা হওয়ার সম্ভাবনা আছে।

■ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার ও মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — প্রিতম রায়, হাড়োয়া, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, বেরোবে। নির্বাচনবিধি কার্যকরী হয়ে গেছে, পি.এস.সি-সহ রাজ্য সরকারের বিভিন্ন দফতরে নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে মে মাসের পরে।

■ পি.এস.সি. ক্লার্কশিপ মেনস পরীক্ষা দিয়েছি গত বছর ২৮ ডিসেম্বর। ফল কবে বেরোবে? — ইশানী হালদার, নবগ্রাম, কোন্নগর, হুগলি।

■■ জুন-জুলাই মাস নাগাদ ফল বেরোবে।

■ পি.এস.সি.'র মাধ্যমে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে ইন্টারভিউ দিয়েছিলাম। চূড়ান্ত ফল বেরিয়েছে কি? — হীতেশ মাঝি, পুরুলিয়া।

■■ হ্যাঁ, চূড়ান্ত ফল বেরিয়েছে। ২২টি শূন্যপদের জন্য ২২ জন প্রার্থীর নামই চূড়ান্ত তালিকায় আছে।

■ ২০২২ সালের ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার চূড়ান্ত ফল বেরিয়েছে কি? — তারক বিশ্বাস, দেবগ্রাম, নদীয়া।

■■ হ্যাঁ, চূড়ান্ত ফল বেরিয়েছে।

■ স্কুলের সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি বেরোবে কি? ডি.এল.এড. পাশরা কি এই পরীক্ষা দিতে পারবে? — সঞ্জিৎ গাইন, উত্তরপাড়া, হুগলি।

■■ হ্যাঁ, শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে। দ্বিতীয় শ্রেণির অনার্স গ্র্যাজুয়েট বা, দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বি.টি. কিংবা বি. এড. কোর্স পাশ থাকা দরকার। ডি.এল.এড. পাশ হলে যোগ্য নন।

## মাদ্রাসা সার্ভিসের

■ মাদ্রাসা সার্ভিস কমিশনের এস.এল.এস.টি. (এ.টি.) বিজ্ঞপ্তি কবে বেরোবে? —রহিদুল সেখ, সূত্রাগড় কুটিরঘাট লেন, শান্তিপুর, নদিয়া।

■■ মাদ্রাসা সার্ভিস কমিশন ক্লার্ক, লাইব্রেরিয়ান ও প্রধান শিক্ষক-শিক্ষিকা পদের সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বের করেছে। এস.এল.এস.টি.'র বিজ্ঞপ্তি বেরোতে দেরি আছে।

## ডাকবিভাগের

■ ডাকবিভাগের গ্রামীণ ডাক সেবক পদের মেধা তালিকা বেরিয়েছে কি? — অচিন্ত্য চক্রবর্তী, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, মেধা তালিকা বেরিয়েছে। সংশ্লিষ্ট পোস্ট অফিসে সফলদের তালিকা পাবেন।

## রেলে চাকরির

■ রেল টেকনিশিয়ান পদের বেলায় প্রতিবন্ধীদের বয়সে ছাড় দেওয়া হয় কি? — সোমা মন্ডল, কালনা, বর্ধমান।

■■ হ্যাঁ, প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পেয়ে থাকেন।

■ রেলে গ্রুপ-ডি পদের জন্য যে দরখাস্ত নেওয়া হল, তার পরীক্ষা কবে হতে পারে? — সমীর আইচ, কল্যাণী, নদিয়া।

■■ পরীক্ষা হতে দেরি আছে।

■ রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে? প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। — শৌভিক দাস, হরিপাল, হুগলি।

■■ রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট' পদে ১১,১২৭ জন ছেলেমেয়ে নেওয়ার সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি রেরিয়েছে। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ১৫ মে থেকে ১৪ জুন পর্যন্ত।

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়ারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য। পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরাও যোগ্য। দৃষ্টিশক্তি দরকার A-1. অর্থাৎ, দূরের বেলায় চশমা ছাড়া উভয় চোখে ৬/৬, ৬/৬, কাছের বেলায় চশমা ছাড়া উভয় চোখে ০.৬, ০.৬। বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৯,৯০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : CEN No. : 01/2026

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।) হবে। তাতে সফল হলে দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।।) হবে। এরপর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট (সি.বি.এ.টি.) হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় ৭৫ নম্বরের ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অঙ্ক, (২) মেন্টাল এবিলিটি, (৩) জেনারেল সায়েন্স, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। সময় থাকবে ১ ঘন্টা। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে এই দুটি পার্ট : পার্ট-এ ও পার্ট-বি। পার্ট-এ-তে থাকবে ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন, এইসব বিষয়ে : (ক) অঙ্ক, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (গ) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। পার্ট-বি-তে থাকবে ৬০ মিনিটের ৭৫টি প্রশ্ন। প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়।

## পুলিশে চাকরির

■ এবছর কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদে নতুন বিজ্ঞপ্তি বেরোবে কি? — রিতম বন্ধু, আনগোনা, পূর্ব বর্ধমান।

■■ হ্যাঁ, বেরোবে।

■ কলকাতা পুলিশের ২০২৪ সালের কনস্টেবল পদের যে প্রিলিমিনারি পরীক্ষা হল, তার ফল কবে বেরোবে? মাঠ পরীক্ষা কবে হবে? — নুপুর বসু, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।

■■ কবে ফল বেরোবে তা ঠিক হয়নি। ফল তাড়াতাড়ি বের করার জন্য পরীক্ষার্থীরা পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের কাছে আবেদন জানিয়েছে।

■ ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের চূড়ান্ত মেধা তালিকা কবে বেরোবে? — ইমরান খান, মুর্শিদাবাদ।

■■ সম্প্রতি আদালতের নির্দেশে ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের লিখিত পরীক্ষায় পাওয়া প্রত্যেক প্রার্থীর নম্বর প্রকাশ করেছে। এবার চূড়ান্ত ফল বেরোনোর পালা। কবে ফল বেরোবে তা ঠিক হয়নি।

■ ২০২৩ সালের কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর আর ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের মেনস পরীক্ষার ফল কি বেরিয়েছে? — জাভেদ আখতার, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।

■■ না, এখনো ফল বেরোয়নি।

## স্কুল সার্ভিসের

■ স্কুল সার্ভিসের গ্রুপ-ডি পদের দরখাস্তে প্রতিবন্ধী ক্যাটেগরির উল্লেখ করতে ভুলে গেছি। এখন প্রতিবন্ধী ক্যাটেগরি হিসাবে ওই দরখাস্তে প্রতিবন্ধী ক্যাটেগরি উল্লেখ করতে পারব কি? — অভিজিৎ সিংহ, কালানাগিন, ইসলামপুর, উত্তর দিনাজপুর।

■■ না, এখন নতুন করে আর ক্যাটেগরি উল্লেখ করার কোনো ব্যবস্থা নেই।

■ ২০২৫-'২৭ শিক্ষাবর্ষে বি.এড. কোর্সে পাঠরত। আপার প্রাইমারি 'টেট'এ দরখাস্ত করতে পারব? — মহঃ থাজা, হাতি পাও, মজলিশপুর, উত্তর দিনাজপুর।

■■ হ্যাঁ, পারবেন।

## স্কলারশিপ

■ 'যুবসাথী' প্রকল্পের জন্য দরখাস্ত করতে পারিনি। আবার নতুন করে দরখাস্ত নেওয়া হবে কি? — কোয়েল বারিক, উলুবেড়িয়া, হাওড়া।

■■ আপাতত নতুন করে এই মুহূর্তে দরখাস্ত নেওয়া হবে না।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| আর্মিতে অগ্নিবীর | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | - | ১-৪-২৬ | www.joinindianarmy.nic.in |
| আর্মিতে নার্সিং অ্যাসিস্ট্যান্ট সেপাই ফার্মা | উচ্চমাধ্যমিক ও ফার্মাসি | - | ১-৪-২৬ | www.joinindianarmy.nic.in |
| এন.বি.সি.সি. ইন্ডিয়ায় জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, | ৩৫ | ৫-৪-২৬ | www.nbccindia.in |
| কলেজে সহকারী অধ্যাপক | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ১৫-৪-২৬ | www.wbcsconline.in |
| DSSSB-এ রেডিওগ্রাফার, অপ্টোমেট্রিস্ট, পাটওয়ারি | HS, ITI গ্র্যাজুয়েট | ২৬৪ | ২৮-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| বি.এস.এন.এল.-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১২০ | ৩১-৩-২৬ | ww.bsnl.co.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| CSIR-IICB-তে এম.টি.এস. | উচ্চমাধ্যমিক | ৮ | ৪-৪-২৬ | https://iicb.res.in |
| কোলফিল্ডে সার্ভেয়র, মাইনিং সির্দার | উচ্চমাধ্যমিক ডিপ্লোমা | ৬৬৪ | ৬-৪-২৬ | www.mahanadicoal.in |
| WBJEE -2026 | উচ্চমাধ্যমিক | - | ৫-৪-২৬ | www.wbjeeb.nic.in |
| নৌবাহিনীতে অগ্নিবীর (SSR) | HS | - | ২৮-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| নৌবাহিনীতে অগ্নিবীর (MR) | মাধ্যমিক | - | ২৮-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| নৌবাহিনীতে মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট | মাধ্যমিক | - | ২৮-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| DVC- তে এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১৬ | ১০-৪-২৬ | www.dvc.gov.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে-১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| MSC-এর মাধ্যমে পুরসভার ডেভেলপমেন্ট অথরিটিতে | HS পাশ | ১৩ | ১৭-৪-২৬ | www.mscwb.org |
| কোলফিল্ডে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ১,৬০০ | ৩১-৩-২৬ | www.secl-cil.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারির পরীক্ষা স্থগিত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| প্রাইমারি টিচার পদে নদিয়া, মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ১০ মার্চ থেকে ২৯ মে | https://www.wbbpeonline.com |
| CHSL-2025 (Tier-II) পরীক্ষা | ১০ এপ্রিল, ২০২৬ | www.ssc.gov.in |
| SSC-JE -2025 (Paper-II) পরীক্ষা | ৭ এপ্রিল, ২০২৬ | www.ssc.gov.in |

# রেল গ্রুপ 'ডি'

1. সরীসৃপ বিষয়ক অধ্যয়নকে কী বলা হয়?
(A) এন্টোমোলজি (B) হারপেটোলজি (C) ম্যামালজি (D) ইচথিয়োলজি

2. 'ভিটামিন সি'এর অভাবের ফলে সৃষ্ট একটি রোগ কী?
(A) বেরিবেরি (B) গয়টার (C) রিকেট (D) স্কার্ভি

3. কাঁচের 'প্রতিসরাঙ্ক' নীচের কোন রঙের ক্ষেত্রে সর্বোচ্চ?
(A) বেগুনি (B) নীল (C) হলুদ (D) লাল

4. কার্বন-ডাই-অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড একসঙ্গে কী হিসাবে উল্লেখ করা হয়?
(A) সি.এফ.সি (B) গ্রিনহাউজ গ্যাস (C) তাপীয় গ্যাস (D) জড় গ্যাস

5. ভ্যাকুয়ামে আলোর গতি একটি মাধ্যম দিয়ে প্রবেশ করলে সেই আলোর গতির অনুপাতকে কী বলা হয়?
(A) প্রতিক্ষেপক সূচক (B) প্রতিসরাঙ্ক সূচক
(C) মেডভ্যাক ইনডেক্স (D) এয়ার কোয়ালিটি ইনডেক্স

6. প্রথম ভারতীয় মহাকাশযান, যেটি —— প্রয়াসে মঙ্গল কক্ষপথে প্রবেশ করে।
(A) প্রথম (B) দ্বিতীয় (C) তৃতীয় (D) চতুর্থ

7. —— কার্বনের একটি রূপ নয়।
(A) হীরা (B) সিলিকন (C) ফুলারিন (D) গ্রাফাইট

8. —— এক্সচেঞ্জার প্রবাহের একটি প্রকার নয়।
(A) রেখন প্রবাহ (B) সংখ্যায়ক প্রবাহ
(C) সমান্তরাল প্রবাহ (D) শ্রেণিবদ্ধ প্রবাহ

9. কন্ট্যাক্ট লেন্স সাধারণত তৈরি হয় কী দিয়ে?
(A) টেফলন (B) হাইড্রোজেল (C) নাইলন (D) মাইকা

10. নীচের মধ্যে কোনটির আপেক্ষিক তাপ সর্বাধিক?
(A) কাচ (B) তামা (C) সিসা (D) জল

11. কোন তাপমাত্রা ফারেনহাইট ও সেলসিয়াস উভয় স্কেলেই সমান?
(A) 40° (B) – 40° (C) – 34° (D) – 140°

12. সেলসিয়াস স্কেলে 300K এর মান কত?
(A) 30°C (B) 27°C (C) 300°C (D) কোনোটিই নয়

13. কেলভিন স্কেলে, মানবদেহের স্বাভাবিক তাপমাত্রা কত?
(A) 290 (B) 310 (C) 300 (D) 30

14. চিপসের জারণ রোধ করতে ব্যবহৃত গ্যাস কোনটি?
(A) নাইট্রোজেন (B) অক্সিজেন (C) হাইড্রোজেন (D) আর্গন

15. নীচের কোনটিতে সমযোজী বন্ধন নেই?
(A) $H_2$ (B) $NH_3$ (C) $CH_4$ (D) NaOH

16. নীচের কোন যৌগের 7টি সমযোজী বন্ধন রয়েছে?
(A) মিথেন (B) বিউটেন (C) প্রোপেন (D) ইথেন

17. হাড় শক্ত ও মজবুত রাখার জন্য নীচের কোনটি প্রয়োজন?
(A) আয়োডিন (B) জিংক (C) ফ্যাট (D) ক্যালশিয়াম

18. মানব (পুরুষ) মস্তিষ্কের গড় ওজন হল (প্রায়) —
(A) 1 কেজি (B) 1200 গ্রাম (C) 1350 গ্রাম (D) 1500 গ্রাম

19. কমলা লেবুতে প্রচুর পরিমাণে কোনটি থাকে?
(A) কার্বোহাইড্রেট (B) ফ্যাট (C) প্রোটিন (D) ভিটামিন

20. নীচের কোনটি বস্তুগত দূষণ নয়?
(A) মাটি দূষণ (B) বায়ুদূষণ (C) শব্দদূষণ (D) জলদূষণ

21. নীচের কোনটির ম্যানগ্রোভ উদ্ভিদ থেকে নামকরণ করা হয়েছে?
(A) বৃন্দাবন (B) সুন্দরবন (C) মুসৌরি (D) মধুবনী

22. নীচের কোন গ্যাসটি গ্রিনহাউস এফেক্টের জন্য দায়ী?
(A) সালফার ডাই-অক্সাইড (B) কার্বন মনোক্সাইড
(C) হাইড্রোজেন সালফাইড (D) কার্বন ডাই-অক্সাইড

23. www এর পুরো নাম—
(A) World Work Web (B) Wide Work Web
(C) Wide World Web (D) World Wide Web

24. HTML কোডিং এর মসো সম্পর্কিত —
(A) Note Pad (B) Word Pad (C) MS Word (D) Wordicon


25. ভাইরাস একধরনের সফটওয়্যার, যা মূলত নষ্ট করে—
(A) তথ্য (B) যন্ত্রপাতি (C) প্রোগ্রাম (D) হার্ডওয়্যার

26. একটি বৃত্তের ক্ষেত্রফল 154 বর্গমিটার। বৃত্তটির পরিসীমা কত মিটার?
(A) 22 (B) 44 (C) 64 (D) 32

27. A ও B-র বয়সের অনুপাত 3 : 5. B-র বয়স A-র তুলনায় 8 বছর বেশি হলে A-র বয়স কত?
(A) 12 (B) 20 (C) 15 (D) 18

28. দু'টি সংখ্যার অনুপাত 3 : 8 ও তাদের পার্থক্য 115. বড় সংখ্যাটি কত?
(A) 215 (B) 195 (C) 184 (D) 69

## রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদে ২২ হাজার শূন্যপদে দরখাস্ত নেওয়া হয়েছে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন কর্মসংস্থান পত্রিকার সহকারী সম্পাদক **রঞ্জিত ঘোষ**।

29. সরল সুদের হার কত হলে কোনো টাকা 20 বছরে দ্বিগুণ হবে?
(A) 5% (B) 10% (C) 20% (D) 12%

30. 10, 12, 15 ও 18 দিয়ে বিভাজ্য সর্বনিম্ন বর্গ সংখ্যা কোনটি?
(A) 1,600 (B) 900 (C) 2,500 (D) 3,600

31. কোনো রম্বসের কর্ণের দৈর্ঘ্য যথাক্রমে 24 সেন্টিমিটার ও 10 সেন্টিমিটার হলে, ওই রম্বসের পরিসীমা কত সেন্টিমিটার?
(A) 68 (B) 65 (C) 54 (D) 52

32. কোনো জিনিসের বিক্রয়মূল্য তার ক্রয়মূল্যের অংশ হলে, লাভের হার কত?
(A) 120% (B) 160% (C) 40% (D) 60%

33. 120 মিটার লম্বা একটি ট্রেন এক ব্যক্তিকে 10 সেকেন্ডে অতিক্রম করে। ওই ট্রেনের গতিবেগ সেকেন্ডে কত মিটার?
(A) 12 (B) 10 (C) 15 (D) 20

34. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 ও তাদের তফাৎ 115 হলে ছোট সংখ্যাটি কত?
(A) 184 (B) 194 (C) 69 (D) 59

35. $(264)^{102} + (264)^{103}$ এই যোগফলে এককের ঘরে কী বসবে?
(A) 0 (B) 4 (C) 6 (D) 8

36. একটি ছাত্রকে কোনো সংখ্যাকে 27 দিয়ে গুণ করতে বলা হয়েছে। কিন্তু সে 72 দিয়ে গুণ করেছে। এর ফলে সে সঠিক উত্তরের থেকে 315 বেশি পেয়েছে। তাকে প্রথমে কত সংখ্যা দিয়ে গুণ করতে বলা হয়েছে?
(A) 7 (B) 8 (C) 9 (D) 12

37. দশটি সংখ্যার গড় হল 40. তার মধ্যে প্রথম 5টি সংখ্যার গড় হল 42 ও শেষ 4টি সংখ্যার গড় হল 35। ষষ্ঠ সংখ্যাটি কত?
(A) 35 (B) 40 (C) 42 (D) 50

38. একটি ব্যাঙ্কে 180 টাকা আছে, তার মধ্যে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার অনুপাত 2 : 3 : 4 হলে ওই ব্যাঙ্কে কতগুলি 50 পয়সা আছে?
(A) 60 (B) 120 (C) 150 (D) 180

39. 5টি আমের বিক্রয়মূল্য 3টি আপেলের ক্রয়মূল্যের সমান। তাহলে কত লাভ বা, ক্ষতি হল?
(A) 25% লাভ (B) 20% লাভ
(C) 33% ক্ষতি (D) 40% ক্ষতি

40. দু'টি গোলকের আয়তনের অনুপাত 8 : 27 হলে, তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?
(A) 4 : 9 (B) 2 : 3 (C) 4 : 5 (D) 5 : 6

41. দু'টি সংখ্যা যথাক্রমে তৃতীয় সংখ্যা থেকে 30% ও 40% বেশি। তাহলে প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার শতকরা কত অংশ?
(A) 130% (B) 112% (C) 98% (D) 92%

42. 200 ও 600-এর মধ্যে কতগুলি সংখ্যা 4, 5 ও 6-এর মাধ্যমে সম্পূর্ণরূপে বিভাজ্য?
(A) পাঁচটি (B) ছয়টি (C) চারটি (D) আটটি

43. $\sqrt{3} = 1.732$ হলে $\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}} = ?$
(A) 11.732 (B) 13.928 (C) 12928 (D) 13925

44. $\frac{2}{45}$ ভগ্নাংশটিকে শতাংশে প্রকাশ করুন।
(A) $3\frac{4}{9}\%$ (B) $4\frac{4}{9}\%$ (C) 4% (D) 9%

45. 24, 36 ও 40-এর ল.সা.গু নির্ণয় করুন।
(A) 120 (B) 240 (C) 360 (D) 480

46. 916 × ? × 3 = 214344
(A) 78 (B) 68 (C) 84 (D) 66

47. একটি ক্রিকেট ম্যাচে প্রথম 10 ওভারে রান রেট ছিল 3.2। 282 রানের লক্ষ্যমাত্রায় পৌঁছাতে গেলে বাকি 40 ওভারে রান রেট কত করতে হবে?
(A) 6.25 (B) 6.5 (C) 6.75 (D) 7

48. যদি 8 : 4 : : 3.2 : x হয়, তাহলে x-এর মান কত?
(A) 2.4 (B) 1.6 (C) 3.2 (D) 1.2

49. চিনির দাম 10% বাড়ানো হলে, চিনির ব্যবহার কত কমাতে হবে যাতে চিনির জন্য ব্যয় একই থাকে?
(A) $9\frac{1}{11}\%$ (B) $11\frac{1}{9}\%$ (C) 10% (D) 12%

50. 600 টাকার 4 বছরের সুদ ও 2 বছরের সুদ মিলিয়ে মোট 180 টাকা হয়। বার্ষিক সুদের হার কত?
(A) 64% (B) 4% (C) 5% (D) 5.5%

51. 15, 30, 45, ?
(A) 50 (B) 55 (C) 60 (D) 65

52. 2, 6, 12, 20, ?
(A) 25 (B) 28 (C) 30 (D) 32

53. 'Tree' এর সঙ্গে কোনটি সম্পর্কিত?
(A) Leaf (B) Book (C) Pen (D) Table

54. 7, 21, 63, ?
(A) 126 (B) 189 (C) 200 (D) 250

55. 5, 15, 45, ?
(A) 90 (B) 120 (C) 135 (D) 150

56. – 76 x 33 + 221 = ?
(A) – 2287 (B) 2287 (C) – 19304 (D) 19304

57. প্রদত্ত সংখ্যাসারিতে লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন।
31, 29, 24, 22, 17, ?
(A) 15 (B) 14 (C) 13 (D) 12

58. প্রদত্ত সংখ্যাসারিতে ভুল পদটি নির্ণয় করুন।
196, 169, 144, 121, 101
(A) 101 (B) 121 (C) 169 (D) 196

59. প্রদত্ত সংখ্যা শ্রেণিতে 'ভুল' সংখ্যাটি নির্বাচন করুন।
8, 13, 21, 32, 47, 63, 83
(A) 21 (B) 13 (C) 32 (D) 47

60. প্রদত্ত সংখ্যা শ্রেণির শূন্যস্থান পূরণ করুন:
20, 32, 45, 59, 74, ___
(A) 95 (B) 90 (C) 85 (D) 79

61. প্রদত্ত অক্ষরসারিটি পূরণ করুন।
AE, FJ, KO, ?
(A) PT (B) PU (C) PV (D) PF

62. উপযুক্ত অক্ষর বসিয়ে শূন্যস্থানটি পূরণ করুন।
a __ cead __ e __ dceadc
(A) ddca (B) dcae (C) cede (D) acde

63. বেমানান শব্দগুচ্ছ নির্ধারণ করুন।
(A) VRU (B) PKO (C) FAE (D) MHL

64. যদি Soldier : Army হয়, তবে Pupil : ?
(A) Education (B) Teacher (C) Student (D) Class

সঠিক বিকল্পটি নির্বাচন করুন, যেটির সঙ্গে প্রদত্ত সংখ্যাগুলির কোনো একটি সম্পর্ক আছে।

65. আসামী : জেল : : আইনজীবী : ?
(A) ফিল্ড (B) হসপিটাল (C) অফিস (D) কোর্ট

66. 144 : 12 : : ____
(A) 80 : 20 (B) 125 : 25 (C) 225 : 15 (D) 99 : 9

67. নীচের নামগুলির মধ্যে কোনটি টেলিফোন ডিরেক্টরিতে শেষে আসবে?
(A) Vasu (B) Veena (C) Vidhi (D) Vandana


68. ইংরিজি বর্ণমালায় 'D' ও 'N'এর মধ্যবর্তী অক্ষর কোনটি?
(A) H (B) I (C) G (D) J

69. যদি A, 'B'-এর বাবা হন, B, 'C'এর মা হন ও 'C', D-এর মেয়ে হন, তবে D কীভাবে 'A'এর সঙ্গে সম্পর্কিত?
(A) জামাই (B) শ্বশুর (C) ননদ (D) শ্যালক

70. একজন বয়স্ক লোককে দেখিয়ে কৈলাশ বলল, তার ছেলে হল আমার ছেলের কাকা। তবে কৈলাশ ও বয়স্ক লোকটি কিভাবে সম্পর্কিত?
(A) ভাই (B) কাকা (C) পিতা (D) পিতামহ


71. 30 জন ছাত্রীর একটি শ্রেণিকক্ষে অনিতার ক্রম ওপরের দিক থেকে 16তম। তবে নীচের দিক থেকে তার ক্রম কত হবে?
(A) 12 তম (B) 14 তম (C) 15 তম (D) 16 তম

72. লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন।




(A) 125 (B) 241 (C) 210 (D) 184

73. লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন:





(A) 4 (B) 305 (C) 343 (D) 729

74. যদি 81×32×56 = 1159 ও 36×23×11 = 259 হয়, তাহলে 42×18×63 = ?
(A) 699 (B) 996 (C) 549 (D) 659

75. ঘড়ির দু'টি কাঁটা কত ডিগ্রি কোণের সৃষ্টি করবে দুপুর 2:12 মিনিটে?
(A) 10° (B) 6° (C) 12° (D) 0°

76. একটি ছক্কার চারটি অবস্থান দেখানো হল। যদি 6 সংখ্যাটি ওপরে থাকে, তবে নীচে কোন সংখ্যাটি থাকবে?




(A) 5 (B) 1 (C) 3 (D) 4

77. ভিকি হল বিনোদের ছেলে। বিনোদ ও বিশাল হচ্ছে দুই ভাই। তাহলে, বিশাল কীভাবে ভিকির সঙ্গে সম্পর্কিত?
(A) পিতা (B) ভ্রাতা (C) কাকা (D) মামা

78. যদি '<' এর অর্থ '–', '>' এর অর্থ '+' ও $-এর অর্থ '÷'-হয়, তাহলে নীচের সমীকরণটির মান কত?
37 > 165 $ 3 < 5 = ?
(A) 87 (B) 63 (C) 96 (D) 72

79. যদি '÷'এর অর্থ '+' ও '–'এর অর্থ 'x'হয়, তাহলে ((7÷5)–2)–5 এর মান কত?
(A) 120 (B) 125 (C) 130 (D) 150

80. যদি কোনো এক বছর 15 অক্টোবর শনিবার হয়, তবে সেই বছর 27 অক্টোবর কী বার হবে?
(A) সোমবার (B) মঙ্গলবার (C) বুধবার (D) বৃহস্পতিবার

81. হাই কোর্টের বিচারপতির অবসর নেওয়ার বয়স কত?
(A) 60 (B) 62 (C) 65 (D) 58

# রেলের গ্রুপ 'ডি'

82. 'হাফ ম্যারাথন'এ আনুমানিক কতটা দূরত্ব অতিক্রম করতে হয়?
(A) 45 কিলোমিটার (B) 41 কিলোমিটার
(C) 25 কিলোমিটার (D) 21 কিলোমিটার

83. নীচের ক্রীড়াগুলির কোনটি আগের অলিম্পিকের একটি খেলা ছিল, কিন্তু এখন নয়?
(A) ব্যাডমিন্টন (B) পোলো (C) ধনুর্বিদ্যা (D) বেসবল

84. 'স্বরাজ পার্টি' কোন বছরে গঠিত হয়েছিল?
(A) 1923 (B) 1924 (C) 1922 (D) 1923

85. 'উইকিপিডিয়া'র প্রতিষ্ঠাতাদের মধ্যে একজন হলেন 'জিমি ওয়েলস'। অন্যজন কে?
(A) ল্যারি স্যাঙ্গার (B) মার্ক জুকারবার্গ
(C) ল্যারি পেজ (D) মার্ক সারম্যান

86. 'ব্যুরোক্রেসি' শব্দটি কোন ফরাসি দার্শনিকের মাধ্যমে সৃষ্টি?
(A) ভলতেয়ার (B) জাঁ পল সার্ত্রে
(C) সিমন ডে বিউভয়ের (D) ভিন্সেন্ট ডি গুরনে

87. ——— একটি প্রবণতা, যেখানে পরিকল্পনা নীচের দিক থেকে হয়।
(A) গ্রাসরুট গণতন্ত্র (B) একনায়ক-তান্ত্রিক
(C) ডাইরেক্ট গণতন্ত্র (D) নির্বাচনী গণতন্ত্র

88. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়, কোন দেশ 'মালয়েশিয়া' দখল নিয়েছিল?
(A) চিন (B) জাপান (C) তাইল্যান্ড (D) ভিয়েতনাম

89. 'পাওয়ার পয়েন্ট' কী তৈরি করার জন্য ব্যবহার করা হয়?
(A) প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ (B) ডকুমেন্ট (C) প্রেজেন্টেশন (D) স্প্রেডশীট

90. কোনটি নেপালের প্রধান গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের অংশ নয়?
(A) তরাই (B) হিলস (C) ডেকান (D) পর্বতমালা

91. 15 শতকে, কোন খেলাটিকে বাবর ভারতে জনপ্রিয় করেছিলেন?
(A) গলফ (B) পোলো (C) কাবাডি (D) ক্যারাটে

92. গুরুগ্রামে শুরু হওয়া প্রথম মহিলা চালিত দুই চাকার গণপরিবহণ সেবাকে —— বলা হয়।
(A) বিক্সি ব্লু (B) বিক্সি পিঙ্ক (C) বিক্সি গ্রিন (D) বিক্সি রেড

93. ভারতের প্রথম ব্যাঙ্ক কোনটি?
(A) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (B) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
(C) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (D) ব্যাঙ্ক অফ হিন্দুস্তান

94. ভারতের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী কে ছিলেন?
(A) সরোজিনী নাইডু (B) সুচেতা কৃপালনি
(C) মমতা বন্দ্যোপাধ্যায় (D) ইন্দিরা গান্ধী

95. সৌরজগতের সবথেকে বড় গ্রহ কোনটি?
(A) পৃথিবী (B) শনি (C) বৃহস্পতি (D) মঙ্গল

96. রেড পান্ডা কোন রাজ্যে পাওয়া যায়?
(A) মেঘালয় (B) অরুণাচল প্রদেশ (C) পশ্চিমবঙ্গ (D) সিকিম

97. কত সালে ভারতের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল?
(A) 1947 (B) 1950 (C) 1951-'52 (D) 1955

98. পশ্চিমবঙ্গের দীর্ঘতম নদী কোনটি?
(A) দামোদর (B) হুগলি (C) গঙ্গা (D) তিস্তা

99. ভারতের জাতীয় খেলা কোনটি?
(A) ক্রিকেট (B) ফুটবল (C) হকি (D) কবাডি

100. কোন নদীকে 'দক্ষিণের গঙ্গা' বলা হয়?
(A) কাবেরী (B) কৃষ্ণা (C) গোদাবরী (D) নর্মদা

## উত্তর

1(B). 2(D). 3(A). 4(B). 5(B). 6(A). 7(B). 8(D). 9(B). 10(D). 11(B). 12(B). 13(B). 14(A). 15(D). 16(D). 17(D). 18(D). 19(D). 20(C). 21(B). 22(D). 23(D). 24(A). 25(A). 26(A). 27(D). 28(A). 29(B). 30(C). 31(D). 32(D). 33(A). 34(C). 35(A). 36(A). 37(D). 38(B). 39(D). 40(A). 41(D). 42(B). 43(B). 44(B). 45(C). 46(A). 47(A). 48(B). 49(A). 50(C). 51(C). 52(C). 53(A). 54(B). 55(C). 56(A). 57(A). 58(A). 59(D). 60(B). 61(A). 62(B). 63(A). 64(D). 65(D). 66(C). 67(C). 68(C). 69(A). 70(C). 71(C). 72(D). 73(C). 74(B). 75(B). 76(B). 77(C). 78(A). 79(A). 80(D). 81(B). 82(D). 83(B). 84(A). 85(A). 86(D). 87(A). 88(B). 89(C). 90(C). 91(B). 92(B). 93(D). 94(B). 95(C). 96(D). 97(C). 98(C). 99(C). 100(C).

# সশস্ত্র সীমা বলে ৮২৭

১ পাতার পর

ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৫৫৩টি (জেনাঃ ২৪৪, ই.ডব্লু.এস. ৪৫, ও.বি.সি. ১৪৫, তঃজাঃ ৮১, তঃউঃজাঃ ৩৮)।

**কনস্টেবল (ভেটেরিনারি) :** বিজ্ঞান বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কোনো পশু চিকিৎসালয়ে পশু-পাখি সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪)।

**কনস্টেবল (কার্পেন্টার) :** মাধ্যমিক পাশরা নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য : (১) সংশ্লিষ্ট ট্রেডে ২ বছর কাজের অভিজ্ঞতা, (২) আই.টি.আই. / ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ও অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা, (৩) আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ, (৪) সংশ্লিষ্ট ট্রেড টেস্টে কোয়ালিফাই করতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : কনস্টেবল (কার্পেন্টার) ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**কনস্টেবল (ওয়াশারম্যান, বারবার, ওয়াটার কেরিয়ার, টেলর, গার্ডেনার, কবলার, ওয়েটার) :** মাধ্যমিক পাশরা নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য : (১) সংশ্লিষ্ট ট্রেডে ২ বছর কাজের অভিজ্ঞতা, (২) আই.টি.আই. / ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ও অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা, (৩) আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ, (৪) সংশ্লিষ্ট ট্রেড টেস্টে কোয়ালিফাই করতে হবে। সব পদের বেলায়ই মাল্টি স্কিলড দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : কনস্টেবল গার্ডেনার ৪১টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)। কনস্টেবল (ওয়াটার কেরিয়ার) ৫টি (জেনাঃ)। কনস্টেবল (কবলার) ২৫টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২)। কনস্টেবল (টেলর) ৪১টি (জেনাঃ ১৯, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)। কনস্টেবল (ওয়াশারম্যান) ৭৪টি (জেনাঃ ৩২, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫)। কনস্টেবল (বারবার) ৪৩টি (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩)। কনস্টেবল (ওয়েটার) ৩টি (জেনাঃ)।

**কনস্টেবল (নার্সিং অর্ডারলি) :** মাধ্যমিক পাশরা সেন্ট জন অ্যাম্বুলেন্স থেকে ফার্স্ট এইড সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। কোনো হাসপাতাল বা, প্রতিষ্ঠানে নার্সিং অর্ডারলি হিসাবে অন্তত ১ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে কনস্টেবল (ট্রেডসম্যান) পদের বেলায় লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১৬৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি, গোর্খা, সিকিমি ও উত্তর-পূর্বাঞ্চলীয়দের বেলায় ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। উপজাতি/আদিবাসী হলে ২ সেমি বুকের ছাতিতে ছাড় পাবেন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (তপশিলী উপজাতি হলে ১৫০) সেমি।

কনস্টেবল (ড্রাইভার) পদের বেলায় লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১৭০ (তপশিলী উপজাতি হলে ১৬০ সেমি, গোর্খা, সিকিমি ও উত্তর-পূর্বাঞ্চলীয়দের বেলায় ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। উপজাতি/আদিবাসী হলে ২ সেমি বুকের ছাতিতে ছাড় পাবেন।

ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া দু'চোখে ৬/৬ ও ৬/৯। মানসিক ও শারীরিকভাবে সুস্থ থাকতে হবে। ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক মাপজোখের পরীক্ষা। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে 'শারীরিক সক্ষমতার পরীক্ষা' হবে। তারপর হবে লিখিত পরীক্ষা। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলা থাকবে ২৪ মিনিটে ৪.৮ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ১৮ মিনিটে ২.৪ কিমি দৌড়। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ, অঙ্ক, রিজনিং ও জেনারেল ইংরিজি। জেনারেল, ই.ডব্লু.এস., ও.বি.সি., প্রাঃসঃকঃ প্রার্থীরা ৫০% আর তপশিলী হলে ৪৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। লিখিত পরীক্ষায় সফল ২০ গুণ প্রার্থীকে স্কিল টেস্টের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : https://recruitment.ssb.gov.in, https://ssb.gov.in এজন্য বৈধ একটি ই-মেল-আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৪-১২ কেবির মধ্যে) আর সিগনেচার (৪-১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। যে কোনো একটি পদের জন্য দরখাস্ত করবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

# কোল ফিল্ডে ৯৯ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩)। অ্যাসিস্ট্যান্ট মাইন সার্ভেয়র ২৫টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩)। সিকিউরিটি গার্ড ৩০টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৪)। এই পদের বিজ্ঞপ্তি নং : SECL/BSP/HRD/NAPS/Apprentice 26-27/1394, Date: 17-03-2026.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে।

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে ৩১ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে www.secl-cil.in

# সামনের ৯ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৮০,০৩৮ চাকরি

১ পাতার পর

এবছরের ৯ মাসে (জানুয়ারি - সেপ্টেম্বর, ২০২৬) দেশের প্রায় ৭,০২৯টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৮০,০৩৮ জন 'ডিজিটালি স্কিলড কর্মী'র নিয়োগ হবে —, যাদের বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ। এই ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "দেখুন আজকের দিনে দাঁড়িয়ে যেকোনো ইন্টারভিউ বোর্ডে 'আমি জানি' বললে কেউ বিশ্বাস করে না — 'আমি করে দেখাতে পারি' বললে তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে পারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুণ দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২০০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেন্ড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ভালো প্রোডাক্টিভিটি ভালো MNC ভালো পে-প্যাকেজ শুরু করতে সাহায্য প্রতিষ্ঠানের অন্যতম হল — এটি শুধুমাত্র পার্টনার প্রতিষ্ঠানই নয় স্বভাবতই এখান থেকে ন্যূনতম ৩ গুণ বেশি দেয়— যা যেকোনো কোম্পানিতে, শুরুতেই নিয়ে, তাঁদের কেরিয়ার করে। (৪) এই একটি গুরুত্বপূর্ণ দিক Google ও Meta'র — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং — ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (৯) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষণীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৮ ডিসেম্বর :** প্রাক্তন ইংরেজ ক্রিকেটার আর ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ডের প্রাক্তন সিইও হিউ মরিস (৬২ বছর) মারা গেলেন।

❑ দেশের সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হিসাবে, ভারতীয় নৌবাহিনীর কালভেরি ক্লাসের ফ্রন্টলাইন সাবমেরিন 'আইএনএস ভাগশির'এ সমুদ্র যাত্রা করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। তাঁর সফরসঙ্গী ছিলেন নৌসেনার প্রধান অ্যাডমিরাল দীনেশ কে.ত্রিপাঠী। কর্ণাটকের কারওয়ার বন্দর থেকে তাঁর এই ঐতিহাসিক যাত্রা শুরু হয়। দ্বিতীয় রাষ্ট্রপ্রধান হিসাবে সাবমেরিনে ভ্রমণ করলেন তিনি। এর আগে, প্রাক্তন রাষ্ট্রপতি ড.এপিজে আব্দুল কালাম ২০০৬ সালের ১৩ ফেব্রুয়ারি বিশাখাপত্তনম থেকে এই সমুদ্র যাত্রা করেছিলেন। 'আইএনএস সিন্ধুরক্ষ' সাবমেরিনে সওয়ার হয়েছিলেন তিনি।

❑ আফ্রিকার দেশ সোমালিয়া ভেঙে তৈরি হওয়া সোমালিল্যান্ডকে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসাবে স্বীকৃতি দিল ইজরায়েল সরকার। ইজরায়েলই হল বিশ্বের প্রথম দেশ, যারা সোমালিল্যান্ডকে রাষ্ট্রের স্বীকৃতি দিল। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯১ সালে সোমালিল্যান্ড একতরফাভাবে সোমালিয়া থেকে বিচ্ছিন্ন হয়ে স্বাধীনতা ঘোষণা করেছিল। এবার বিশ্বের প্রথম দেশ হিসাবে ইজরায়েল তাদের সঙ্গে আনুষ্ঠানিকভাবে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করল।

❑ ২০২৫ সালে ৮৭ তম 'সিনিয়র জাতীয় ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ মহিলা ও পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন যথাক্রমে সূর্য করিশ্মা তামিরি ও ঋত্বিক সঞ্জীবী।




ভারতীয় মহিলা ক্রিকেটে ইতিহাস গড়লেন স্মৃতি মন্ধানা। আন্তর্জাতিক ক্রিকেটে দ্রুততম ১০,০০০ রান করা মহিলা ক্রিকেটার হলেন তিনি। মহিলা ক্রিকেটে (মিতালি রাজের পর) মহিলা ব্যাটার হিসাবে এই মাইলফলক ছুঁলেন তিনি। এদিন, শ্রীলঙ্কার বিরুদ্ধে 'গ্রিনফিল্ড ইন্টারন্যাশনাল স্টেডিয়াম'এ পাঁচ ম্যাচ সিরিজের চতুর্থ টোয়েন্টি-২০'তে মাত্র ২০ বলে এই মাইলফলক পূরণ করেন তিনি। এখনও পর্যন্ত টেস্টে ৬২৯ (৭ ম্যাচে) রান, ওয়ানডেতে ৫,৩২২ রান (১১৭ ম্যাচে) আর টোয়েন্টি-২০ আন্তর্জাতিকে ৪,১০২ (১৫৭ ম্যাচে) রান করেছেন স্মৃতি। সব সংস্করণ মিলিয়ে ১০,৮৬৮ রান নিয়ে এই তালিকায় শীর্ষে আছেন ভারতের প্রাক্তন অধিনায়ক মিতালি রাজ। দ্বিতীয় স্থানে আছেন নিউজিল্যান্ডের সুজি বেটস (১০,৬৫২ রান) আর তৃতীয় স্থানে আছেন ইংল্যান্ডের শার্লট এডওয়ার্ডস (১০,২৭৩ রান)।

**২৯ ডিসেম্বর :** মধ্য প্রদেশের ধার ও বেতুল জেলার উপজাতি অধ্যুষিত অঞ্চলে, ভারতের প্রথম পাব্লিক-প্রাইভেট-পার্টনারশিপ মডেলের মেডিক্যাল কলেজগুলির ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা ও রাজ্যের মুখ্যমন্ত্রী ড.মোহন যাদব। এই কলেজগুলি মধ্য প্রদেশে পরিকল্পিত ৪টি (ধার, বেতুল, কাটনি ও পান্না) পিপিপি-ভিত্তিক মেডিক্যাল কলেজের অংশ। এই মডেলের অধীনে, রাজ্য সরকার ২৫ একর পর্যন্ত জমি লিজ দেবে ও অন্যদিকে বেসরকারি অংশীদাররা আকাদেমিক ব্লক, হাসপাতাল, ছাত্রাবাস, পরীক্ষাগার ও আবাসিক সুবিধা তৈরি করবে। শিক্ষা ও পরিষেবা প্রদান উভয়কে শক্তিশালী করার জন্য এই প্রতিষ্ঠানগুলিকে জেলা হাসপাতালগুলির সঙ্গে সংযুক্ত করা হবে।

❑ চণ্ডীগড়কে ৩৪-৩১ ব্যবধানে হারিয়ে, 'সিনিয়র ন্যাশনাল পুরুষ হ্যান্ডবল চ্যাম্পিয়নশিপ'এর শিরোপা জিতল কেরল।

❑ আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটে ইনিংসে ৮ উইকেট নিয়ে নতুন ইতিহাস গড়লেন ভুটানের ২২ বছর বয়সি বাঁহাতি স্পিনার সোনম ইয়েশে। আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটের ইতিহাসে এই প্রথম কোনো বোলার এক ম্যাচে ৮ উইকেট নেওয়ার নজির গড়লেন।

**৩০ ডিসেম্বর :** 'সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন ভিতুল কুমার।



বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও অন্যতম রাজনৈতিক দল বিএনপি'র চেয়ারপার্সন খালেদা জিয়া (৮০ বছর) মারা গেলেন।

❑ ভারতের তৈরি অ্যাডভান্সড লাইট হেলিকপ্টার 'ধ্রুব'এর নতুন ও উন্নত বেসামরিক সংস্করণ, ধ্রুব-নেক্সট জেনারেশনের প্রথম উড়ান সম্পন্ন হল। এদিন, বেঙ্গালউরুতে 'হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড'এর সুবিধা থেকে এই ফ্লাইটটি পরিচালিত হয়। ধ্রুব-এনজি বিশেষভাবে চিকিৎসা পরিষেবা, দুর্যোগ ত্রাণ ও অফশোর অপারেশনের জন্য তৈরি করা হয়েছে। ধ্রুব-এনজির এই সফল উড়ান বিশ্বের প্রধান বেসামরিক হেলিকপ্টার প্রস্তুতকারক দেশের তালিকায় ভারতকে অন্তর্ভুক্ত করার দিকে একটি বড় পদক্ষেপ। ধ্রুব-এনজি হল পুরনো ধ্রুব হেলিকপ্টারের একটি উন্নত সংস্করণ। খুব তাড়াতাড়ি এটি সামরিক ও বেসামরিক ক্ষেত্রে ব্যবহার হবে বলে মনে করা হচ্ছে।

**৩১ ডিসেম্বর :** 'ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া'র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন রবীন্দ্র কুমার আগরওয়াল।

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে ডাকযোগে চিঠি পাঠানোর পরিষেবা পুরোপুরি বন্ধ করে দিল ডেনমার্ক। এদিন শেষ চিঠি পৌঁছে দিয়েছে তারা। ডিজিটাল যুগে আর্থিক দৃষ্টিভঙ্গির কথা ভেবে সরকারিভাবে এই সিদ্ধান্ত নিয়েছে দেশটি। ১৬২৪ সালে দেশটিতে এই ব্যবস্থা চালু হয়। ডেনমার্কের রাষ্ট্রায়ত্ত সংস্থা 'পোস্টনর্ড' জানিয়েছে, ৪০১ বছর পর এই চিঠি বিতরণ বন্ধ করে দিল তারা।

❑ কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক প্রতিবেদন অনুযায়ী, জাপানকে ছাড়িয়ে বিশ্বের চতুর্থ বৃহত্তম অর্থনীতিতে পরিণত হয়েছে ভারত। ভারতীয় অর্থনীতির মূল্য এখন ৪.১৮ ট্রিলিয়ন ডলার। প্রথম তিনটি স্থানে আছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্র, চিন ও জার্মানি। প্রত্যাশিত জিডিপি ৭.৩ ট্রিলিয়ন মার্কিন ডলার নিয়ে ভারত ২০৩০ সালের মধ্যে জার্মানিকে ছাড়িয়ে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে বলে মনে করা হচ্ছে।

**১ জানুয়ারি :** 'বর্ডার রোডস অর্গানাইজেশন'এর ২৯ তম ডিরেক্টর জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন লেফটেন্যান্ট জেনারেল হরপাল সিং।

❑ ভারতীয় বিমানবাহিনীর ট্রেনিং কম্যান্ড'এর এয়ার অফিসার কম্যান্ডিং-ইন-চিফ হিসাবে দায়িত্ব নিলেন এয়ার মার্শাল এস.শ্রীনিবাস।

❑ ভারতীয় বিমানবাহিনীর উপ-প্রধান হিসাবে দায়িত্ব নিলেন এয়ার মার্শাল নাগেশ কাপুর।

❑ দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেন পরিষেবা চালু হচ্ছে হাওড়া-গুয়াহাটি (কামাখ্যা) রুটে। এই ট্রেনের মাধ্যমে পশ্চিমবঙ্গ ও উত্তর-পূর্ব ভারতের মধ্যে হাইস্পিড রেল যোগাযোগে এক নতুন অধ্যায়ের সূচনা হচ্ছে। এই ট্রেনটি হাওড়া থেকে গুয়াহাটি (কামাখ্যা) পর্যন্ত যাবে প্রায় ১৪ ঘন্টায়, যা অন্যান্য ট্রেনে লাগে প্রায় ২০ ঘন্টা। ট্রেনটিতে ১১টি এসি থ্রি টায়ার (খাবার-সহ ভাড়া ২,৩০০ টাকা) ৪টি এসি টু টায়ার (খাবার -সহ ৩,০০০ টাকা) ও ১টি ফার্স্ট ক্লাস এসি (খাবার-সহ ৩,৬০০ টাকা) কামরা-সহ মোট ১৬টি কামরা থাকবে। একসঙ্গে ৮২৩ জন যাত্রী ভ্রমণ করতে পারবেন ট্রেনটিতে। পুরোপুরি শীতাতপ নিয়ন্ত্রিত সেমি হাই-স্পিড ট্রেনটির সর্বোচ্চ গতি ঘন্টায় ১৮০ কিলোমিটার।

❑ ১০০ মিলিগ্রামের বেশি মাত্রার খাওয়ার উপযোগী নিমেসুলাইড ফর্মুলেশন উৎপাদন ও বিক্রি নিষিদ্ধ করল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোল ও ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ'এর পরামর্শ অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দীর্ঘ গবেষণায় দেখা গেছে, নিমেসুলাইড ওষুধের অতিরিক্ত বা অনিয়ন্ত্রিত ব্যবহার মানবদেহে মারাত্মক পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি করে। এই ওষুধ লিভারের ক্ষতি করতে পারে, যা শেষপর্যন্ত মৃত্যুর কারণ হতে পারে। এছাড়াও, কিডনি বিকল হওয়া, পাকস্থলীতে আলসার ও কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ক্ষতির মতো গুরুতর ঝুঁকি তৈরি হতে পারে।

❑ ২০২৫ সালের নভেম্বরে, ভারতে ব্রডব্যান্ড গ্রাহক সংখ্যা ১০০ কোটির মাইলফলক অতিক্রম করেছে। কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রক জানিয়েছে, গত ১০ বছরে ভারতে ব্রডব্যান্ড গ্রাহক সংখ্যা ছয় গুণেরও বেশি বেড়েছে। ২০১৫ সালের নভেম্বরের শেষে দেশে ব্রডব্যান্ড গ্রাহকের সংখ্যা ছিল ১৩.১৫ কোটি, যা ২০২৫ সালের নভেম্বরের শেষে ১০০.৩৭ কোটিতে দাঁড়িয়েছে।



ভারতের সর্বকনিষ্ঠ ও বিশ্বের দ্বিতীয় কনিষ্ঠতম অভিযাত্রী হিসাবে, দক্ষিণ মেরু পর্যন্ত স্কি করে পৌঁছে ইতিহাস গড়লেন মুম্বইয়ের ১৮ বছর বয়সি কাম্যা কার্তিকেয়ন। তুষার ঝড় ও প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করেও, মোট ১১৫ কিলোমিটার পথ অতিক্রম করে ২০২৫ সালের ২৭ ডিসেম্বর দক্ষিণ মেরু পর্যন্ত পৌঁছান তিনি। প্রায় মাইনাস ৩০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা ও প্রবল ঝোড়ো হাওয়ার মধ্যেও, নিজের সম্পূর্ণ অভিযানের সরঞ্জাম বোঝাই স্লেজ টেনে নিয়ে ৮৯ ডিগ্রি দক্ষিণ অক্ষাংশ থেকে দক্ষিণ মেরু পর্যন্ত পৌঁছান তিনি।

**২ জানুয়ারি :** 'অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড'এর চেয়ারম্যান হিসাবে দায়িত্ব নিলেন এ.কে.বালাসুব্রমণিয়ান।

❑ 'ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ জার্নালিস্টস'এর রিপোর্ট অনুযায়ী, ২০২৫ সালে বিশ্ব জুড়ে মোট ১২৮ জন সাংবাদিক ও গণমাধ্যমকর্মী মারা গিয়েছেন, যা ২০২৫ সালকে সাংবাদিকতার জন্য অন্যতম প্রাণঘাতী বছরে পরিণত করেছে। রিপোর্ট অনুযায়ী, মধ্যপ্রাচ্য ও আরব বিশ্ব ছিল সবথেকে বিপজ্জনক অঞ্চল, যেখানে ৭৪ জন সাংবাদিক মারা গিয়েছেন। এই সংখ্যাটি বিশ্বব্যাপী মোট নিহতের প্রায় ৫৮%। মারা যাওয়ার প্রধান কারণ ছিল সংঘাতের খবর সংগ্রহ করা। শুধুমাত্র প্যালেস্তাইনেই ৫৬ জন সাংবাদিক মারা গিয়েছেন, যাঁদের বেশিরভাগই গাজা যুদ্ধের সঙ্গে সম্পর্কিত। অন্যান্য ক্ষতিগ্রস্ত দেশগুলির মধ্যে ইয়েমেনে ১৩ জন, ইউক্রেনে ৮ জন, সুদানে ৬ জন, ভারত ও পেরুতে ৪ জন আর পাক-ই-স্তান, মেক্সিকো ও ফিলিপিন্সে ৩ জন সাংবাদিক আক্রান্ত হয়েছেন।

❑ মিজোরামকে 'ভারতের আদার রাজধানী' হিসাবে ঘোষণা করল 'নীতি আয়োগ', যা আদার উন্নত গুণমান ও ক্রমবর্ধমান উৎপাদনকে স্বীকৃতি দেয়। কৃষকদের আয় বাড়ানোর জন্য আদা চাষ, মূল্য সংযোজন ও প্রক্রিয়াজাতকরণকে সক্রিয়ভাবে উৎসাহিত করছে রাজ্য সরকার। প্রধান পদক্ষেপগুলির মধ্যে রয়েছে কৃষকদের সহায়তা করার জন্য বড় আকারের পণ্য সংগ্রহ ও আর্থিক সহায়তা প্রদান। এছাড়াও, নতুন আদা প্রক্রিয়াকরণ ইউনিট ও বিভিন্ন প্রচারমূলক অনুষ্ঠানের পরিকল্পনা নেওয়া হয়েছে।

❑ ভারতে প্রথমবারের মতো সফলভাবে আইস্টেন্ট ব্যবহার করে ৩ডি ফ্লেক্স অ্যাকুয়াস অ্যাঞ্জিওগ্রাফি সম্পন্ন করল দিল্লি ক্যান্টনমেন্টের সেনা হাসপাতালের (রিসার্চ অ্যান্ড রেফারেল) চক্ষু বিভাগ। উন্নত ইমেজিং প্রযুক্তি ও ন্যূনতম আক্রমণাত্মক গ্লুকোমা সার্জারিকে একত্রিত করে এই অ্যাঞ্জিওগ্রাফিটি করা হয়েছে। এই নতুন পদ্ধতিতে উন্নত ত্রিমাত্রিক ইমেজিং ব্যবহার করে চোখের ভিতরের জলীয় অংশের (অ্যাকুয়াস) প্রবাহপথের নির্ভুল চিত্র পাওয়া যায়। এই ম্যাপিংয়ের ওপর ভিত্তি করে সার্জনরা চোখে একটি আইস্টেন্ট (একটি আণুবীক্ষণিক যন্ত্র) প্রতিস্থাপন করেন। এটি তরল প্রবাহ উন্নত করে ও চোখের ভিতরের চাপ কমায়, যা গ্লুকোমা চিকিৎসায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই অস্ত্রোপচারের নেতৃত্বে ছিলেন ওই হাসপাতালের চক্ষু বিভাগের প্রধান ব্রিগেডিয়ার ড.সঞ্জয় মিশ্র।

❑ ভারতীয় মহিলা হকি দলের প্রধান কোচ হিসাবে নিযুক্ত হলেন সোয়ার্ড মারিজনে।

**৩ জানুয়ারি :** ভারতের প্রথম বস্তিমুক্ত শহর হতে চলেছে গুজরাতের সুরাত। 'প্রধানমন্ত্রী আবাস যোজনা' ও রাজ্য আবাসন প্রকল্পগুলির কার্যকর বাস্তবায়নের মাধ্যমে, শহরের বস্তিগুলিকে আধুনিক আবাসন ও মৌলিক নাগরিক সুবিধা সহকারে পুনর্নির্মাণ করছে সুরাত মিউনিসিপ্যাল কর্পোরেশন। জল, পয়ঃনিষ্কাশন, আলো, রাস্তাঘাট-সহ স্থায়ী বহুতল আবাসন দিয়ে বস্তি প্রতিস্থাপনের মাধ্যমে শহরে জীবনযাত্রার মান উন্নত করছে সুরাত।

❑ ৬৮ তম 'জাতীয় শুটিং চ্যাম্পিয়নশিপ' প্রতিযোগিতায় পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন সেনাবাহিনীর শুটার অজয় কুমার।

**৪ জানুয়ারি :** ৩ডি-প্রিন্টিং প্রযুক্তি ব্যবহার করে দেশীয়ভাবে স্বয়ংক্রিয় আবহাওয়া কেন্দ্র তৈরি করে একটি প্রযুক্তিগত মাইলফলক অর্জন করলেন ভারতীয় বিজ্ঞানীরা। আবহাওয়া সংক্রান্ত পরিকাঠামো আধুনিকীকরণের লক্ষ্যে গৃহীত ২,০০০ কোটি টাকার একটি জাতীয় কর্মসূচি 'মিশন মৌসুম'এর অংশ হিসাবে, কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রকের অধীন 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ট্রপিক্যাল মেটেওরোলজি' এই উদ্যোগটির নেতৃত্ব দিচ্ছে। এই পরবর্তী প্রজন্মের আবহাওয়া কেন্দ্রগুলির প্রথম ব্যাচ এবছরের ফেব্রুয়ারি থেকে দিল্লিতে মোতায়েন করা হবে। এগুলি স্বয়ংক্রিয়ভাবে তাপমাত্রা, বাতাসের গতি, আর্দ্রতা ও বৃষ্টিপাতের পরিমাণ রেকর্ড করতে পারবে। এই আবহাওয়া কেন্দ্রগুলি কোনো মানুষের হস্তক্ষেপ ছাড়াই রিয়েল-টাইম ডেটা পাঠাতে পারে।

❑ রাস্তার সব সাইনবোর্ডে কিউআর কোড ব্যবহার বাধ্যতামূলক করল দিল্লি সরকার। এই পদক্ষেপের লক্ষ্য হল, রাস্তার নির্দেশিকা চিহ্নগুলিতে অভিন্নতা, স্বচ্ছতা ও উন্নত দৃশ্যমানতা নিশ্চিত করা। নতুন নির্দেশিকা অনুযায়ী, পিডব্লুডি'র রাস্তাগুলিতে স্থাপিত ভবিষ্যতের সব সাইনবোর্ডের নীচের ডান কোণে একটি কিউআর কোড মুদ্রিত থাকতে হবে। কিউআর কোডটিতে রাস্তার প্রস্তুতকারকের নাম, তৈরির তারিখ, ব্যবহৃত উপাদান, রিফ্লেক্টিভ শিটিং কোড ও ওয়ারেন্টি তথ্যের মতো গুরুত্বপূর্ণ বিবরণ থাকবে।

**৫ জানুয়ারি :** চিনকে ছাড়িয়ে, বিশ্বের বৃহত্তম ধান উৎপাদনকারী দেশে পরিণত হল ভারত। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান এই তথ্য জানিয়েছেন। ভারতের ধান উৎপাদন এখন ১৫০.১৮ মিলিয়ন টনে পৌঁছেছে, যা ১৪৫.২৮ মিলিয়ন টন ধান উৎপাদনকারী দেশ চিনকে ছাড়িয়ে গেছে। এই মাইলফলকটি উন্নত কৃষি পদ্ধতি, উন্নত বীজ ও কৃষকদের প্রতি ধারাবাহিক নীতিগত সমর্থনের সাফল্যের প্রতিফলন। উচ্চ ফলনশীল ও জলবায়ু সহনশীল ধানের বীজের জাত ব্যবহারের ফলে উৎপাদন বেড়েছে।

❑ উত্তর প্রদেশের গ্রেটার নয়ডায় অবস্থিত 'গভর্নমেন্ট ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস'এ, ভারতের প্রথম সরকারি হাসপাতাল-ভিত্তিক কৃত্রিম বুদ্ধিমত্তা ক্লিনিক উদ্বোধন হল। এই ক্লিনিকটি রোগ নির্ণয় ও চিকিৎসায় সহায়তার জন্য রক্ত পরীক্ষা, ইমেজিং স্ক্যান ও ক্লিনিক্যাল ডেটা বিশ্লেষণ করতে জেনেটিক স্ক্রিনিংয়ের পাশাপাশি কৃত্রিম বুদ্ধিমত্তা অ্যালগরিদম ব্যবহার করবে। এআই টুলগুলি এক্স-রে, আল্ট্রাসাউন্ড, সিটি স্ক্যান, এমআরআই রিপোর্ট ও ল্যাব পরীক্ষার ফলাফল ব্যাখ্যা করতে সহায়তা করবে। এই এআই প্রযুক্তির ব্যবহার রোগীর নিরাপত্তা বাড়াবে, চিকিৎসার সময় কমাবে ও আরও নির্ভুল চিকিৎসাগত সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# দেড় লাখ শূন্যপদ পূরণ

১ পাতার পর

অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার/ এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ কিংবা ৩০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2026'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে মে-জুন মাস নাগাদ। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে মার্চে। দরখাস্ত নেওয়া হবে এপ্রিলে।

**(খ) জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) :** সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন ও ফারাক্কা ব্যারেজে কাজের জন্য 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্রাক্ট)' পদে ছেলেমেয়ে নেওয়া হবে। সিভিল, ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সি.পি.ডব্লু.ডি.'র 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'স্টাফ সিলেকশন কমিশন'। ২০২৬ সালের 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে মে-জুন মাসে। বিজ্ঞপ্তি বেরোবে মার্চে। দরখাস্ত নেওয়া হবে এপ্রিলে।

**(গ) ফেজ -XIV সিলেকশন পোস্ট :** কেন্দ্রীয় সরকারের বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ন্যাশনাল টেস্ট হাউস, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, কলকাতার ন্যাশনাল লাইব্রেরি, ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টে, কলকাতার ইনস্টিটিউট অফ সেরোলজিতে কাজের জন্য ক্লার্ক, হেড ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক, চার্জম্যান, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, স্টাফ কার ড্রাইভার, টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট, রিসার্চ ইনভেস্টিগেটর, জুনিয়র কম্পিউটার, মাল্টি টাস্কিং স্টাফ, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, ফিল্ড অ্যাটেন্ড্যান্ট, অফিস অ্যাটেন্ড্যান্ট, ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট, লাইব্রেরি ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট, লিগ্যাল অ্যাসিস্ট্যান্ট, ক্লিনার, ফার্টিলাইজার ইন্সপেক্টর, পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক ওয়েল্ডার, ফিল্ডম্যান, টেকনিক্যাল অফিসার, ফার্মাসিস্ট, লাইব্রেরিয়ান, ইনভেস্টিগেটর, অ্যাসিস্ট্যান্ট এক্সটেনশন অফিসার, ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার, স্যানিটরি ইন্সপেক্টর, টেকনিশিয়ান, সাব-ইন্সপেক্টর, হেড, কনস্টেবল, জুনিয়র কম্পিউটার, এক্স-রে অ্যাসিস্ট্যান্ট-সহ ২০০টি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে স্টাফ সিলেকশন কমিশনের ৭টি রিজিয়নের Phase -XIII/2025/Selection Posts এর মাধ্যমে। মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েরা এই পরীক্ষা দিতে পারবেন। প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড মোডের পরীক্ষা হবে মে-জুলাইয়ের মধ্যে। বিজ্ঞপ্তি বেরোবে মার্চে। দরখাস্ত নেওয়া হবে এপ্রিলে।

**(ঘ) কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' ও 'ডাটা এন্ট্রি অপারেটর', ডাক বিভাগের পোস্টাল অ্যাসিস্ট্যান্ট-সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫ টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘন্টায় ৮,০০০/১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে জুলাই-সেপ্টেম্বরে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে এপ্রিলে। দরখাস্ত নেওয়া হবে মে মাসে।

**(ঙ) স্টেনোগ্রাফার গ্রেড 'সি' ও 'গ্রেড 'ডি' :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-সি' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-ডি' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'ডি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৫০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'সি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হবে স্টেনোগ্রাফার গ্রেড-সি পদের বেলায় ১৮ থেকে ৩০ বছরের মধ্যে আর স্টেনোগ্রাফার গ্রেড-ডি পদের বেলায় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। '২০২৬ সালের স্টেনোগ্রাফার (গ্রেড-সি ও গ্রেড-ডি) এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে আগস্ট থেকে সেপ্টেম্বরে। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে এপ্রিলে। দরখাস্ত নেওয়া হবে মে মাস নাগাদ।

**(চ) কম্বাইন্ড হিন্দি ট্রান্সলেটর :** প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে এপ্রিলে। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে মে মাসে। দরখাস্ত নেওয়া হবে আগস্ট-সেপ্টেম্বরে।

**(ছ) মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.) :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' ও 'হাবলদার' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা দুই পদের জন্যই আবেদন করতে পারেন। হাবলদার পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি, বুকের ছাতি অন্তত ৮১ সেমি (অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে)। মেয়েদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

বয়স হতে হবে — মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার (সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সের রেভেনিউ বিভাগের জন্য) ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। হাবলদার (সেন্ট্রাল বোর্ড অফ ইনডায়রেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমসের রেভেনিউ বিভাগের জন্য) আর মাল্টি টাস্কিং স্টাফ-এর কিছু পদের জন্য ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে সেপ্টেম্বর থেকে নভেম্বরে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে জুনে। দরখাস্ত নেওয়া হবে জুলাইয়ে।

**(জ) সেন্ট্রাল আর্মড পুলিশ ও দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর :** সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে (সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল) 'সাব-ইন্সপেক্টর' আর দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। তবে দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় মোটর সাইকেল ও মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এল.এম.ভি) থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment of Sub-Inspector in Delhi Police and Central Armed Police Forces Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে অক্টোবর থেকে নভেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে মে মাসে। দরখাস্ত নেওয়া হবে জুনে।

**(ঝ) কেন্দ্রীয় আর্মড পুলিশ ও অসম রাইফেলসে কনস্টেবল (জেনারেল ডিউটি) :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এস.এস.এফ.)'-এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে, অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' আর নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে সেপাই পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি.। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি.।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), SSF, Rifleman (GD) in Assam Rifles and Sepoy in Narcotics Control Bureau Examination, 2027'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে ২০২৭ সালের জানুয়ারি-মার্চ নাগাদ। বিজ্ঞপ্তি বেরোবে সেপ্টেম্বরে। দরখাস্ত নেওয়া হবে অক্টোবরে।

ওপরের সব পদের বেলায় সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোলে তখন বিস্তারিত তথ্য যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হবে। প্রার্থীদের প্রস্তুতির জন্য এই তথ্য আগাম দেওয়া হল।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com